Online Edition

02 – 08 December, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.) ❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖ Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ৪৭ সাপ্তাহিক ০২ - ০৮ ডিসেম্বর, ২০২১ পৃষ্ঠা - ১৬

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021
GSCE
পড়লেই সরকারি চাকরি
Offline & Online facilities available
Helpline : 9830277100 / 200 / 300
George Telegraph • Since 1920

ভারতীয় বায়ুসেনায় ৩১৭

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

'এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট' (অ্যাফক্যাট ০১/২০২২) পরীক্ষার মাধ্যমে ভারতীয় বায়ুসেনায় গেজেটেড অফিসার পদে ফ্লাইং এবং গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) শাখায় নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। পুরুষ ও মহিলা উভয়েই আবেদন করতে পারবেন।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৩১৭টি।

▸ **বয়স :** ১) *ফ্লাইং ব্রাঞ্চ থ্রু অ্যাফক্যাট অ্যান্ড এনসিসি স্পেশাল এন্ট্রি*– এই শাখায় আবেদনের জন্য প্রার্থীর বয়স হতে হবে ১ জানুয়ারি, ২০২৩ তারিখ অনুযায়ী ২০-২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ০২.০১.১৯৯৯ থেকে ০১.০১.২০০৩ তারিখের মধ্যে। ২) *গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল)*– এই শাখায় আবেদনের জন্য প্রার্থীর বয়স হতে হবে ১ জানুয়ারি, ২০২৩ তারিখ অনুযায়ী ২০-২৬ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ০২.০১.১৯৯৭ থেকে ০১.০১.২০০৩ তারিখের মধ্যে। পুরুষ ও মহিলা উভয় প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** ১) *ফ্লাইং ব্রাঞ্চ*– এই শাখায় আবেদনের জন্য

এরপর ৩ পাতায়

মেকন লিমিটেডে ৭৮

কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রকের অধীনস্থ প্রিমিয়ার মিনিরত্ন কোম্পানি মেকন লিমিটেড ৭৮টি শূন্যপদে বিভিন্ন শাখায় অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, ডেপুটি ম্যানেজার, ম্যানেজার সিনিয়র ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার এবং জেনারেল ম্যানেজার পদে নিয়োগ করতে চলেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 11.73.4.3/2021/Reg/02। আবেদনের নির্ধারিত তারিখ পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। সংশ্লিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণ করা হবে।

▸ **শূন্যপদ :** ১) *অয়েল অ্যান্ড গ্যাস*– ক) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার সিভিল শাখায় শূন্যপদ ২টি। খ) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার আর্কিটেকচার শাখায় শূন্যপদ ১টি। ২) *অ্যাডমিনিস্ট্রেশন-অয়েল অ্যান্ড গ্যাস*– অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

এরপর ৪ পাতায়

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে ৫০

স্নাতক যোগ্যতা

ভারতীয় উপকূলরক্ষী বাহিনী যথা ইন্ডিয়ান কোস্ট গার্ড অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট জেনারেল ডিউটি, কমার্সিয়াল পাইলট লাইসেন্স (এসএসএ) এবং টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেকট্রিক্যাল) শাখায় ৫০ জন প্রার্থীকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০২/২০২২। শুধুমাত্র কমার্সিয়াল পাইলট পদেই পুরুষদের সঙ্গে মহিলা প্রার্থীরাও আবেদনযোগ্য। বাকি পদগুলিতে শুধুমাত্র পুরুষ প্রার্থীরাই আবেদনযোগ্য। আবেদন করতে হবে ১৭ ডিসেম্বর বিকেল সাড়ে পাঁচটার মধ্যে www.joinindiancoastguard.gov.in ওয়েবসাইটে গিয়ে।

▸ **শূন্যপদ :** অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

এরপর ২ পাতায়

রূপশ্রী প্রকল্পে ৩৭

আবেদনের শেষ তারিখ ৬ ডিসেম্বর

মুর্শিদাবাদ জেলায় সম্পূর্ণ চুক্তিভিত্তিক পদ্ধতিতে ডিস্ট্রিক্ট প্রোজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট তথা রূপশ্রী প্রকল্পে ৩৭টি শূন্যপদে অ্যাকাউন্ট্যান্ট ও ডেটা এন্ট্রি অপারেটর পদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগ করতে চলেছে। আবেদন করতে হবে ৬ ডিসেম্বর তারিখের মধ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 201/SW(K)/2021।

▸ **শূন্যপদ বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা ও বেতনক্রম :** অ্যাকাউন্ট্যান্ট শাখায় মোট শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ২, অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি

এরপর ৩ পাতায়

বিশেষ বিজ্ঞপ্তি

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার ৪৫ নম্বর সংখ্যায় প্রদত্ত 'ডব্লুবিসিএস ২০২২ বিজ্ঞপ্তি শীঘ্রই' শিরোনামের খবরটিতে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির নম্বর ভুলবশত দেওয়া হয়েছে। অনিচ্ছাকৃত এই ত্রুটির জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।

পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনে ৩০

ওয়াক-ইন ইন্টারভিউ ১০ ডিসেম্বর

ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লুবিপিডিসিএল) ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে মেডিক্যাল অফিসার ও স্টাফ নার্স নিয়োগ করতে

এরপর ২ পাতায়

আয়ুষ মন্ত্রকে ৫৫

পঞ্চম শ্রেণি পাশ যোগ্যতা থেকে শুরু

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্ট ইন্ডিয়া লিমিটেড-এর মাধ্যমে কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রকের নতুন দিল্লির অফিসে সম্পূর্ণ চুক্তিভিত্তিক পদ্ধতিতে মাল্টি টাস্কিং স্টাফ, হাউস কিপিং স্টাফ, মালি, সুপারভাইজার এবং গারবেজ কালেক্টর শাখায় ৫৫ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৯৬। আবেদনের শেষ তারিখ ১০ ডিসেম্বর।

▸ **শূন্যপদ ও বেতনক্রম :** মাল্টি টাস্কিং স্টাফ শাখায় শূন্যপদ ৩২টি। মাসিক বেতন দেওয়া হবে ১৭,৫৩৭

এরপর ২ পাতায়

মিলিটারি অ্যাকাডেমিতে ১৮৮

যোগ্যতা মাধ্যমিক থেকে শুরু

ভারতীয় সেনাবাহিনীর দেরাদুন কেন্দ্র থেকে কুক, ড্রাইভার, রিপেয়ারার, লোয়ার ডিভিশন ক্লার্ক, মাসালচি, ওয়াল্টার, ফ্যাটিগম্যান, সাফাইওয়ালা, গ্রাউন্ডসম্যান, জিসি অর্ডারলি, চৌকিদার, গ্রুম, বার্বার, ইকুইপমেন্ট রিপেয়ারার, বাইসাইকেল রিপেয়ারার, ম্যাসেঞ্জার ও ল্যাবরেটরি অ্যাটেন্ডেন্ট পদে ১৮৮ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। ইচ্ছুক প্রার্থীদের হাতে লিখে আবেদনপত্র জমা করতে হবে ৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা :** ১) *কুক স্পেশাল* শাখায় শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ৫, এসসি ১, এসটি ২, ওবিসি ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ভারতীয় রান্নাবান্না জানতে হবে। ২) *কুক আইটি* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ভারতীয় রান্নাবান্না জানতে হবে। ৩) *এমটি ড্রাইভার* শাখায় শূন্যপদ ১০টি (অসংরক্ষিত ৪, এসসি ১,

এরপর ৩ পাতায়

কলকাতা পোস্টাল সার্কেলে ১২৪

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

ওয়েস্টবেঙ্গল পোস্টাল সার্কেলের অন্তর্গত কলকাতা ডিভিশনে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/শর্টিং অ্যাসিস্ট্যান্ট এবং পোস্টম্যান শাখায় ১২৪ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিভিন্ন ক্রীড়া বিভাগে জাতীয় বা রাজ্যস্তরে অসাধারণ পারফরম্যান্স থাকা প্রার্থীরা আবেদন করতে পারেন। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট শাখায় প্রার্থীদের নিয়োগ করা হবে। কলকাতা ডিভিশনের অন্তর্গত বিভিন্ন পোস্ট

এরপর ২ পাতায়

WBCS
Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview
Regular Combined
Bank, Rail, Staff Selection, PSC
Smart Combined for an individual Exam
Interview & Personality Grooming
এককালীন কোর্স ফি প্রদানে WBCS কোর্সে ₹ 5000 ও RCCতে ₹ 3000 ছাড়।
ডিসেম্বরের ২০ তারিখ থেকে WBCS ও RCC-র নতুন ব্যাচে ক্লাস শুরু হতে চলেছে। সুযোগ পেতে ভর্তির শেষ তারিখ ১২ ডিসেম্বর। জিএসসিই-তে পুরোদমে অফলাইন ও অনলাইন ক্লাস চলছে। সরকারি চাকরির নিয়োগপত্র পেতে এখুনি যোগাযোগ করুন জিএসসিই-র নিকটবর্তী কেন্দ্রে।
গ্র্যাজুয়েট, কলেজ ও উচ্চমাধ্যমিক পড়ুয়াদের জন্য অফলাইন ও অনলাইনে চাকরির প্রস্তুতির সুযোগ
Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org
101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021
GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

সম্পাদকীয়

দেশ তথা বিদেশ এই মুহূর্তে নতুন এক করোনার ভ্যারিয়েন্ট নিয়ে দুশ্চিন্তাগ্রস্ত হয়ে পড়েছে। কপালে চিন্তার ভাঁজের নতুন আর এক নাম 'ওমিক্রন'। সংক্রামক এই করোনার প্রকোপে এমনিই দু'বছর ধরে পৃথিবী নাজেহাল হয়ে উঠেছে। লকডাউনের প্রকোপে মানুষ গৃহবন্দী। জীবিকা হারিয়ে চরম দায়িদ্র্যের মুখোমুখিও হয়েছে। কিন্তু প্রতিষেধক প্রয়োগের সঙ্গে সঙ্গে ধীরে ধীরে লকডাউনও শিথিল হয়েছে, মানুষের মধ্যে বেড়েছে স্বাস্থ্য সচেতনতাও। ফলে মৃত্যুহার বা সংক্রমণের আধিক্য কিছুটা হলেও আয়ত্তের মধ্যে এসেছিল। কিন্তু ফের 'ওমিক্রন'-এর হানায় মানুষ যারপরনাই শঙ্কিত। প্রতিষেধক নিয়ে কি সত্যিই একে আটকানো সম্ভব? উত্তর দেবে বিজ্ঞানীদের গবেষণা। পরিস্থিত অবশ্য আমাদের দেশের তুলনায় ইউরোপে আরও ভয়াবহ আকার ধারণ করেছে শীতের প্রাক-পর্ব থেকেই। খুব শীঘ্রই আমরা ২০২১ ইংরেজি বর্ষকে বিদায় জানিয়ে নতুন বছর ২০২২-কে বরণ করতে চলেছি। নতুন বছরে প্রতিটি মানুষই রোগমুক্ত ও স্বচ্ছল জীবনের স্বপ্ন চোখে নিয়ে দিন গুনছে বিদায়ী বছরের শেষ কটা দিন। সরকারি চাকরির একগুচ্ছ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ তথা নতুন পরীক্ষার তারিখও ঘোষণা ও অনুষ্ঠিত হওয়ার কথা ২০২২ সালেই। মানুষকে খুব সাবধানে থেকে স্বাস্থ্য সতর্কবিধি মেনে চলতে হবে যাতে সংক্রমণ না ছড়ায়। নতুবা ফের লকডাউনের সম্ভাবনা হতে পারে। অবশ্য এসব নিয়ে সরকারি চাকরি প্রার্থীদের বিশেষ মাথা ঘামিয়ে লাভ নেই। কারণ, পরিস্থিতি যাই হোক না কেন, দেশের প্রশাসনিক কাজ সামলাতে সরকারি দপ্তরে নিয়োগ অব্যাহত রাখতেই হবে। তাই পরীক্ষা পিছিয়ে গেলেও অনুষ্ঠিত হবেই কিছুদিনের মধ্যে। তাই চাকরিপ্রার্থীদের পাঠ প্রস্তুতিতে অবিচল থাকতেই হবে। তাঁদের নিয়মিত চাকরির খবর, সাম্প্রতিক ঘটনাবলি, আসন্ন পরীক্ষার মডেল প্রশ্নোত্তর সেট ইত্যাদি সরবরাহ করে 'শিক্ষা চাকরি ও খেলা' হয়ে উঠেছে পাঠকদের 'অন্ধের যষ্ঠীর' সমতুল। আপনাদের সাফল্য চাক্ষুষ করেই আমরা মনে করি যে আমাদের কর্মকাণ্ড সার্থকতা প্রাপ্ত করে। বেশ কিছু নতুন পরীক্ষার তারিখ ঘোষণা হয়েছে। আপডেট দেওয়া রইল পত্রিকার পাতায়। এই প্রতিযোগিতামূলক দৌড়ে টিকে থাকবে সেই– যে অবিচ্ছিন্নভাবে অধ্যাবসায় করে যাবে সঠিক গাইডেন্স সহকারে। আর সঠিক গাইডেন্স ও শর্টকাট টেকনিকের সহজ উপায় শিখিয়ে অসংখ্য ছাত্রছাত্রীর ভবিষ্যৎ জীবন সুনিশ্চিত করেছে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সামস' (জিএসসিই)। সকলে ভালো থাকুন, সুস্থ থাকুন, ঈশ্বরের কাছে প্রার্থনা করি, আপনাদের সকলের জীবন হয়ে উঠুক সুন্দর ও আনন্দময়।

আয়ুষ মন্ত্রকে ৫৫

১ পাতার পর

টাকা করে। হাউস কিপিং স্টাফ শাখায় শূন্যপদ ২০টি। মাসিক বেতন দেওয়া হবে ১৫,৯০৮ টাকা করে। মালি শাখায় শূন্যপদ ১টি। মাসিক বেতন দেওয়া হবে ১৫,৯০৮ টাকা করে। সুপারভাইজার শাখায় শূন্যপদ ১টি। মাসিক বেতন ২০,৯৭৬ টাকা করে এবং গারবেজ কালেক্টর শাখায় শূন্যপদ ১টি। মাসিক বেতন দেওয়া হবে ১৫,৯০৮ টাকা করে।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** মাল্টি টাস্কিং স্টাফ শাখায় আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশ, হাউস কিপিং স্টাফ, মালি এবং গারবেজ কালেক্টর শাখায় আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে ক্লাস ফাইভ পাশ এবং সুপারভাইজার শাখায় আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে।

▶ **আবেদনের সময়সীমা :** ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে www.becil.com অথবা, https://becilregistration.com ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ৭৫০ টাকা। এসসি/এসটি/আর্থিকভাবে অনগ্রসর শ্রেরি ও শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি ৪৫০ টাকা। এছাড়া পরীক্ষা সম্পর্কিত বিষয়ে আরও বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে ৫০

১ পাতার পর

জেনারেল ডিউটি শাখায় শূন্যপদ ৩০টি এবং 'কমার্সিয়াল পাইলট লাইসেন্স' (এসএসএ) শাখায় শূন্যপদ ১০টি। এরমধ্যে অসংরক্ষিত ১২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৬, এসটি ১৬ এবং এসসি ৫। টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং) শাখায় শূন্যপদ ৬টি এবং টেকনিক্যাল (ইলেকট্রিক্যাল) শাখায় শূন্যপদ ৪টি। এরমধ্যে অসংরক্ষিত ৪, ওবিসি ৪ এবং এসসি ২।

▶ **বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট জেনারেল ডিউটি শাখায় আবেদনের জন্য প্রার্থীর বয়স হতে হবে ১ জুলাই, ১৯৯৭ থেকে ৩০ জুন, ২০০১ তারিখের মধ্যে। আবেদনের জন্য ১০+২+৩ স্তরের পাঠ্যক্রমে পড়াশোনা করে উচ্চমাধ্যমিক বা তার সমতুল স্তরে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স বিষয় নিয়ে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ পাশ করতে হবে। এরপরে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ বিই/বিটেক পাশ করতে হবে যেকোনো ইঞ্জিনিয়ারিং শাখায়। কমার্সিয়াল পাইলট লাইসেন্স (এসএসএ) শাখায় আবেদনের জন্য প্রার্থীর বয়সসীমা হতে হবে ১ জুলাই, ১৯৯৭ থেকে ৩০ জুন, ২০০৩ তারিখের মধ্যে। এই শাখায় আবেদনের জন্য প্রার্থীকে উচ্চমাধ্যমিক বা তার সমতুল স্তরে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ পাশ করতে হবে ফিজিক্স ও ম্যাথমেটিক্স বিষয় নিয়ে। এরসঙ্গে ডিরেক্টর জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন দ্বারা স্বীকৃত বৈধ কমার্সিয়াল পাইলট লাইসেন্স পেয়ে থাকতে হবে। টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেকট্রিক্যাল) শাখায় আবেদনের জন্য প্রার্থীর বয়সসীমা হতে হবে ১ জুলাই, ১৯৯৭ থেকে ৩০ জুন, ২০০১ তারিখের মধ্যে। এই শাখায় আবেদনের জন্য প্রার্থীকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ যেকোনো ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ অথবা, ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) এর 'এ' এবং 'বি' ধারার পরীক্ষায় নিম্নলিখিত শাখায় পাশ করে থাকতে হবে– ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চে আবেদনের জন্য ন্যাভাল আর্কিটেকচার/মেকানিক্যাল/মেরিন/অটোমোটিভ/মেকাট্রনিক্স/ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাক্সন/মেটালার্জি/ডিজাইন/অ্যারোনটিক্যাল/অ্যারোস্পেস। ইলেকট্রিক্যাল ব্রাঞ্চে ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/টেলিকমিউনিকেশন/ইনস্ট্রুমেন্টেশন/ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল/ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/পাওয়ার ইঞ্জিনিয়ারিং/পাওয়ার ইলেকট্রনিক্স।

উপরিউক্ত পদগুলির জন্য সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা বয়সসীমায় সরকারি নিয়মানুযায়ী ছাড় পাবেন।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে স্টেজ-১ ও স্টেজ-২ ধাপে। স্টেজ-১ ধাপে প্রথমে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শর্টলিস্টেড করা হবে। এরপর তাদেরকে প্রিলিমিনারি সিলেকশন ধাপে ডাকা হবে যেখানে মেন্টাল এবিলিটি টেস্ট/ কগনিটিভ অ্যাপ্টিটিউড টেস্ট এবং পিকাচার পারসেপশন অ্যান্ড ডিসকাশন টেস্টে অংশগ্রহণ করতে হবে। অ্যাপ্টিটিউড টেস্টে অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের স্টেজ-২ ধাপ অর্থাৎ ফাইনাল সিলেকশন রাউন্ডে ডাকা হবে। এই ধাপটি ২০২২ সালের ফেব্রুয়ারি থেকে এপ্রিল মাসের মধ্যে অনুষ্ঠিত হবে। এই ধাপে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক এবং পার্সোনালিটি টেস্টে প্রার্থীকে অংশগ্রহণ করতে হবে।

▶ **শারীরিক মাপজোখ :** প্রার্থীদের ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে জেনারেল ডিউটি এবং টেকনিক্যাল শাখার জন্য ন্যূনতম ১৫৭ সেমি। কমার্সিয়াল পাইলট লাইসেন্স (এসএসএ) শাখায় আবেদনের জন্য ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৬২.৫ সেমি। পায়ের দৈর্ঘ্য হতে হবে ন্যূনতম ৯৯ সেমি। বুকের ছাতি এবং ওজন উচ্চতা অনুযায়ী সমানুপাতিক হতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে জেনারেল ডিউটি শাখার জন্য অসংশোধিত চশমা ছাড়া চোখে ৬/৬ ৬/৯ এবং সংশোধিত চোখে চশমাসহ ৬/৬ ৬/৬। কমার্সিয়াল পাইলট লাইসেন্স (এসএসএ) শাখার জন্য একচোখে হতে হবে ৬/৬ এবং অন্য চোখে ৬/৯। টেকনিক্যাল শাখার জন্য অসংশোধিত চশমা ছাড়া চোখে ৬/৩৬ ৬/৩৬ এবং সংশোধিত চোখে চশমাসহ ৬/৬ ৬/৬।

▶ **আবেদনের সময়সীমা :** ১৭ ডিসেম্বর, ২০২১ তারিখ বিকেল সাড়ে পাঁচটার মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.joinindiancoastguard.gov.in ওয়েবসাইটে গিয়ে। আরও বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিন।

কলকাতা পোস্টাল সার্কেলে ১২৪

১ পাতার পর

অফিস, সেভিংস ব্যাঙ্ক কন্ট্রোল অর্গানাইজেশন, সার্কেল অফিস এবং রিজিওনাল অফিসে। শর্টিং অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করা হবে বিভিন্ন রেলওয়ে মেল সার্ভিসে এবং পোস্টম্যান নিয়োগ করা হবে বিভিন্ন পোস্টঅফিসগুলিতে। আবেদন করতে হবে ২৪ ডিসেম্বর তারিখের মধ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : Rectt/R-H/PA-SA/DQ(Sports)/2021।

▶ **বয়সসীমা :** ২৪ ডিসেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৭ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** প্রার্থীদের নিম্নলিখিত ক্রীড়াবিভাগগুলিতে ইউনিভার্সিটি স্তর থেকে শুরু করে জাতীয় স্তর পর্যন্ত অসাধারণ পারফরম্যান্স বা ন্যাশনাল অ্যাওয়ার্ড প্রাপ্তির ভিত্তিতে যোগ্যতা নির্ধারণ করা হবে। ক্রীড়া বিষয়গুলি হল ১) আর্চারি, ২) অ্যাথলেটিক্স, ৩) আত্যাপাত্যা, ৪) ব্যাডমিন্টন, ৫) বল ব্যাডমিন্টন,৬) বেসবল, ৭) বাস্কেটবল, ৮) বিলিয়ার্ডস অ্যান্ড স্নুকার্ড, ৯) বডি বিল্ডিং, ১০) বক্সিং, ১১) ব্রিজ, ১২) ক্যারাম, ১৩) দাবা, ১৪) ক্রিকেট, ১৫) সাইক্লিং, ১৬) সাইকেল পোলো, ১৭) ডিফ স্পোর্টস, ১৮) ইকোয়েস্ট্রিয়ান স্পোর্টস, ১৯) ফেন্সিং, ২০) ফুটবল, ২১) গল্ফ, ২২) জিমন্যাস্টিক্স, ২৩) হ্যান্ডবল, ২৪) হকি, ২৫) আইস হকি, ২৬) আইসস্কেটিং, ২৭) আইস স্কিইং, ২৮) জুডো, ২৯) কাবাডি, ৩০) ক্যারাটে, ৩১) কায়াকিং অ্যান্ড ক্যানোয়িং, ৩২) খো-খো, ৩৩) কুডো, ৩৪) মাল্লাখাম, ৩৫) মোটর স্পোর্টস, ৩৬) নেটবল,

এরপর ৪ পাতায়

পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনে ৩০

১ পাতার পর

চলেছে। ৩০টি শূন্যপদে এই নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : WBPDCL/Recruitment/2021/05। ওয়াক-ইন ইন্টারভিউ অনুষ্ঠিত হবে ১০ ডিসেম্বর।

▶ **শূন্যপদ ও বয়সসীমা :** মেডিক্যাল অফিসার শাখায় শূন্যপদ ১১টি (অসংরক্ষিত ১, অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি ২, এসসি ১, এসসি এক্সেমটেড ক্যাটেগরি ১, এসটি ২, এসটি এক্সেমটেড ক্যাটেগরি ১, ওবিসি-এ ২, ওবিসি-বি ১)। বয়সসীমা ৩৬ বছর। স্টাফ নার্স শাখায় শূন্যপদ ১৯টি (অসংরক্ষিত ৬, অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি ৩, অসংরক্ষিত দক্ষতাসম্পন্ন খেলোয়াড় ১, এসসি ২, এসসি এক্সেমটেড ক্যাটেগরি ১, এসসি শারীরিক প্রতিবন্ধী ১, এসটি ১ ওবিসি-এ ২, ওবিসি-বি ২)। বয়সসীমা ৩২ বছর। উপরিউক্ত পদদুটির বয়সসীমা ১ নভেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** মেডিক্যাল অফিসার শাখায় আবেদনের জন্য মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া বা ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল দ্বারা স্বীকৃত রেজিস্ট্রেশনসহ এমবিবিএস ডিগ্রি পাশ করা হতে হবে। স্টাফ নার্স শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফেরি বিষয়ে ডিগ্রি/ডিপ্লোমা পাশ করতে হবে এবং যেকোনো স্বীকৃত নার্সিং কাউন্সিল থেকে রেজিস্ট্রেশনপ্রাপ্ত হতে হবে।

▶ **নির্বাচন পদ্ধতি :** মেডিক্যাল অফিসার পদে পার্সোনাল ইন্টারভিউ হবে ১০০ নম্বরের। স্টাফ নার্স শাখায় শিক্ষাগত যোগ্যতার ওপর থাকবে ৪০ নম্বর, অতিরিক্ত নম্বর থাকবে ২০, কাজের অভিজ্ঞতার ওপর থাকবে ২৫ নম্বর এবং পার্সোনাল ইন্টারভিউতে থাকতে ১৫ নম্বর। অর্থাৎ স্টাফ নার্স পদেও মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে। ১০ ডিসেম্বর বেলা সাড়ে ১০টা থেকে দুপুর ২টো পর্যন্ত ইন্টারভিউ অনুষ্ঠিত হবে এই ঠিকানায়– Bidyut Unnayan Bhavan, Block-LA, Plot No. 3/C, Sector-III, Bidhan Nagar, Kolkata-700106। প্রার্থীকে তার শিক্ষাগত যোগ্যতার সমস্ত অরিজিনাল কপি ও স্বপ্রত্যয়িত ফটোকপি এবং ২টি রঙিন পাসপোর্ট সাইজ ফটোগ্রাফ সঙ্গে নিয়ে যেতে হবে। সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে আবেদনপত্রের বয়ান দেওয়া আছে যেটি প্রিন্ট আউট করে ও যথাযথভাবে ফিল-আপ করে প্রয়োজনীয় নথিপত্রের সঙ্গে নিয়ে যেতে হবে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করতে হবে www.wbpdcl.co.in এই ওয়েবসাইট থেকে। এছাড়া আরও বিশদে জানতে ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে প্রকাশিত কোনো বিজ্ঞাপনের তথ্যে কোনোরূপ ভুল থাকলে তার দায় সম্পূর্ণভাবে ঐ বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

ভারতীয় বায়ুসেনায় ৩১৭

১ পাতার পর

প্রার্থীকে উচ্চমাধ্যমিক পাশ করতে হবে ম্যাথস ও ফিজিক্স বিষয় নিয়ে এবং ম্যাথ ও ফিজিক্সে ৫০ শতাংশ করে নম্বর আবশ্যক। অথবা, ৬০ শতাংশ নম্বরসহ ৪ বছরের স্নাতক ডিগ্রি প্রাপ্ত হতে হবে ইঞ্জিনিয়ারিং শাখায়, কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে। অথবা, অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর পরীক্ষায় 'এ' ও 'বি' ধারা অথবা, অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া-র পরীক্ষার 'এ' ও 'বি' ধারা উত্তীর্ণ হয়েছেন কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ এমন প্রার্থী আবেদন করতে পারেন।

২) গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) ব্রাঞ্চ– ক) অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেকট্রনিক্স)– ফিজিক্স ও ম্যাথস বিষয়ের প্রতিটিতে ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে এবং কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইঞ্জিনিয়ারিং/টেকনোলজিতে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি প্রাপ্ত হবে হবে। অথবা, অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর পরীক্ষায় 'এ' ও 'বি' ধারা অথবা, অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া-র পরীক্ষার 'এ' ও 'বি' ধারা উত্তীর্ণ হয়েছেন কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ এমন প্রার্থী আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা নিম্নলিখিত ইঞ্জিনিয়ারিং শাখাগুলিতেও থাকতে হবে– অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেকট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেকট্রনিক্স অ্যান্ড/টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স অ্যান্ড/টেলিকমিউকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইলেকট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, আইটি, স্পেস ক্র্যাফট টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং ফিজিক্স, ইলেকট্রিক পাওয়ার অ্যান্ড মেশিনারি ইঞ্জিনিয়ারিং এবং সাইবার সিকিউরিটি।

খ) অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)– ফিজিক্স ও ম্যাথস বিষয়ের প্রতিটিতে ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে এবং কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইঞ্জিনিয়ারিং/টেকনোলজিতে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি প্রাপ্ত হবে হবে। অথবা, অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর পরীক্ষায় 'এ' ও 'বি' ধারা। অথবা, অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া-র পরীক্ষার 'এ' ও 'বি' ধারা উত্তীর্ণ হয়েছেন কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ এমন প্রার্থী আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা নিম্নলিখিত ইঞ্জিনিয়ারিং শাখাগুলিতেও থাকতে হবে-- অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, এয়ারক্র্যাফট মেন্টেনেন্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাক্সন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেন্টেনেন্স), মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, প্রোডাক্সন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়েল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল অ্যান্ড মেটিরিয়েলস ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস অ্যান্ড অ্যাপ্লায়েড মেকানিক্স, অটোমোটিভ ইঞ্জিনিয়ারিং, রোবোটিক্স, ন্যানো টেকনোলজি এবং রাবার টেকনোলজি অ্যান্ড রাবার ইঞ্জিনিয়ারিং।

৩) গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চেস)– ক) অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড লজিস্টিক্স শাখায় আবেদন করতে হলে প্রার্থীকে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ৩ বছরের মেয়াদে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। অথবা, অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর পরীক্ষায় 'এ' ও 'বি' ধারা অথবা, অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া-র পরীক্ষার 'এ' ও 'বি' ধারা উত্তীর্ণ হয়েছেন কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ এমন প্রার্থী আবেদন করতে পারেন। *খ) অ্যাকাউন্টস* শাখায় আবেদন করতে হলে প্রার্থীকে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ৩ বছরের মেয়াদে নিম্নলিখিত শাখাগুলিতে ন্যূনতম ৬০ শতাংশ — বিকম, বিবিএ (ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ)/ব্যাচেলর অফ ম্যানেজমেন্ট স্টাডিজ (ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ)/ব্যাচেলর অফ বিজনেস স্টাডিজ (ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ), সিএ/সিএমএ/সিএস/সিএফএ পাশ অথবা, বিএসসি পাশ করতে হবে ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ।

▶ **শূন্যপদ :** অ্যাফক্যাট এন্ট্রির মধ্যে ফ্লাইং শাখায় শূন্যপদ ৭৭টি, গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখায় শূন্যপদ ১২৯টি, গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখায় শূন্যপদ ১১১টি এবং এনসিসি স্পেশাল এন্ট্রির মধ্যে ফ্লাইং শাখায় মোট শূন্যপদের ১০ শতাংশ আসন সংরক্ষিত আছে।

▶ **নির্বাচন পদ্ধতি :** ১২ থেকে ১৪ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ প্রার্থীদের অ্যাফক্যাট পরীক্ষা ও ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্টে অংশগ্রহণ করতে হবে। অ্যাফক্যাট পরীক্ষাটিতে ৩০০ নম্বরের পরীক্ষাটি ১০০টি প্রশ্নের হবে। ২ ঘণ্টা সময়ে জেনারেল অ্যাওয়ারনেস, ভার্বাল এবিলিটি ইন ইংলিশ, নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড রিজনিং এবং মিলিটারি অ্যাপ্টিটিউড টেস্ট। ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্টে ১৫০ নম্বরের মধ্যে পরীক্ষা দিতে হবে ৫০টি প্রশ্নে, ৪৫ মিনিট সময়ে। এতে মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স থাকবে। অবজেকটিভ টাইপের এই পরীক্ষাগুলিতে সঠিক উত্তরের জন্য ৩ নম্বর দেওয়া হবে এবং ভুল উত্তরে ১ নম্বর করে কাটা যাবে। উত্তীর্ণ হলে এরপর শারীরিক সক্ষমতা, ইন্টারভিউ ইত্যাদি ধাপে ধাপে প্রার্থীকে অবতীর্ণ হতে হবে।

▶ **আবেদনের সময়সীমা :** ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে http://careerindianairforce.cdac.in অথবা, https://afcat.pdac.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২৫০ টাকা। এনসিসি স্পেশাল এন্ট্রির জন্য কোনো আবেদন ফি লাগবে না। লিখিত পরীক্ষা অনলাইনে হবে। আরও বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিন।

রূপশ্রী প্রকল্পে ৩৭

১ পাতার পর

১, এসসি ১, এসটি ১, ওবিসি-এ ১)। বয়সসীমা ১৮-৪০ বছর। আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমার্সে অনার্সসহ স্নাতক পাশের সঙ্গে কম্পিউটারে এমএস অফিস, স্প্রেডশিট, ট্যালি প্রেজেন্টেশনে কাজ জানতে হবে। অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো এনজিও-তে। মাসিক বেতন ১৫ হাজার টাকা। ডাটা এন্ট্রি অপারেটর শাখায় শূন্যপদ ৩১টি (অসংরক্ষিত ৯, অসংরক্ষিত প্রাক্তন সমরকর্মী ১, অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি ৫, অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী ১, এসসি ৪, এসসি প্রাক্তন সমরকর্মী ১, এসসি এক্সেমটেড ক্যাটেগরি ২, এসটি ২, ওবিসি-এ ২, ওবিসি-এ এক্সেমটেড ক্যাটেগরি ১, ওবিসি-বি ২, ওবিসি-বি এক্সেমটেড ক্যাটেগরি ১)। বয়সসীমা ১৮-৪০ বছর। আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে কম্পিউটারে এমএস অফিসে কাজ জানতে হবে এবং টাইপিং স্পিড থাকতে হবে ৩০টি শব্দ প্রতি মিনিটে। অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো এনজিও-তে। মাসিক বেতন ১১ হাজার টাকা।

উপরিউক্ত পদগুলিতে বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ১ জানুয়ারি, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। যদি অবসরপ্রাপ্ত কর্মীরা আবেদন করতে চান তাদের বয়সসীমা হতে হবে ১ জানুয়ারি, ২০২১ তারিখ অনুযায়ী ৬৪ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে। অ্যাকাউন্ট্যান্ট পদে যে যে বিষয়গুলি থাকবে সেগুলি হল জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল মেন্টাল এবিলিটি, অ্যারিথমেটিক, ইংলিশ এবং অ্যাকাউন্ট্যান্সি। ৫০ নম্বরের অবজেক্টিব টাইপের প্রশ্ন থাকবে। প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে যথাক্রমে ৪০ নম্বরের কম্পিউটার টেস্ট এবং ১০ নম্বরের ইন্টারভিউতে অংশগ্রহণ করতে হবে। ডেটা এন্ট্রি অপারেটর পদে ৪০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল মেন্টাল এবিলিটি, অ্যারিথমেটিক এবং ইংলিশ বিষয় থেকে। এই ধাপে উত্তীর্ণ হলে যথাক্রমে ৫০ নম্বরের কম্পিউটার টেস্ট এবং ১০ নম্বরের ইন্টারভিউতে অংশগ্রহণ করতে হবে প্রার্থীকে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** www.murshidabad.gov.in অথবা www.wbcdwdsw.gov.in ওয়েবসাইট থেকে প্রথমে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে জুড়ে দেওয়া আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নিতে হবে। এরপর সেটি যথাযথভাবে ফিলআপ করে সংশ্লিষ্ট জেলার এসডিও অফিসের ড্রপ বক্সে নিজের হাতে অথবা পোস্টের মাধ্যমে পাঠিয়ে দিতে হবে ৬ ডিসেম্বর বিকেল ৫টার মধ্যে। আবেদনপত্রের সঙ্গে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, আইডি প্রুফ, কাস্ট সার্টিফিকেট (যদি থাকে) এবং সমস্ত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার স্বপ্রত্যয়িত ফটোকপি একটি রঙিন পাসপোর্ট সাইজ ফটোগ্রাফের সঙ্গে পাঠিয়ে দিতে হবে। আবেদনপত্রের খামের সঙ্গে প্রার্থীর নিজের ঠিকানা লেখা ২টি খাম পাঠিয়ে দিতে হবে প্রয়োজনীয় পোস্টাল স্ট্যাম্পের সঙ্গে। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট দুটি দেখুন।

মিলিটারি অ্যাকাডেমিতে ১৮৮

১ পাতার পর

এসটি ১, ওবিসি ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সিভিলিয়ান ড্রাইভিং লাইসেন্স পেয়ে থাকতে হবে ভারী গাড়ি চালানোর জন্য। অন্তত ২ বছরের ড্রাইভিংয়ে অভিজ্ঞতা থাকতে হবে। *৪) রিপেয়ারার* শাখায় শূন্যপদ ১টি (ওবিসি)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে লেদার রিপেয়ারে (বুট) কাজ জানতে হবে। *৫) লোয়ার ডিভিশন ক্লার্ক* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ১, ওবিসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে টাইপিং স্পিড থাকতে হবে ৩৫টি শব্দ প্রতি মিনিটে অথবা, হিন্দিতে ৩০টি শব্দ প্রতি মিনিটে। *৬) মাসালসি* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *৭) ওয়াল্টার* শাখায় শূন্যপদ ১১টি (অসংরক্ষিত ৬, এসটি ১, ওবিসি ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *৮) ফ্যাটিগম্যান* শাখায় শূন্যপদ ২১টি (অসংরক্ষিত ১০, এসসি ৫, এসটি ১, ওবিসি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। আবেদনের জন্য মাধ্যমিক

এরপর ১০ পাতায়

GSTT
GEORGE SCHOOL OF TEACHERS TRAINING

জর্জ স্কুল অফ টিচার্স ট্রেনিং

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

Affiliated to : National Council of Vocational & Research Training (NCVRT)
(An Autonomous Body Recognized by Government of India)

Admission is going on. Take admission within December, '21 for 2021-22 Session

One Year Certificate / Diploma Courses

Course	Eligibility	Duration
Certificate in Pre-School Teacher Training	10th Pass	One Year
Certificate in Pre-Primary Teacher Training	10th Pass	One Year
Certificate in Nursery Teacher Training	10th Pass	One Year
Certificate in Montessori Teacher Training	10th Pass	One Year
Certificate in Drawing Teacher Training	10th Pass	One Year
Certificate in Computer Teacher Training	10th Pass	One Year
Diploma in Montessori & Nursery Teacher Training	12th Pass	One Year
PG Diploma in Montessori & Nursery Teacher Training	Any Degree/ Diploma	One Year
Diploma in Montessori Teacher Training	10th Pass	One Year
Diploma in Primary Teacher Training	10th Pass	One Year

হেড অফিস : শিয়ালদহ ১৩৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২ 9231036500

Please send your queries to : gsttsdh@gmail.com

মেকন লিমিটেডে ৭৮

১ পাতার পর

(এইচআর) শাখায় শূন্যপদ ১টি। ৩) ***ইনস্ট্রুমেন্টেশন- অয়েল অ্যান্ড গ্যাস***– অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইনস্ট্রুমেন্টেশন) শাখায় শূন্যপদ ১টি। ৪) ***মেকানিক্যাল- এলডিপি প্রোজেক্ট***– অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় ১টি। ৫) ***আইএমডি***– অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (আইরন মেকিং) শাখায় ৩টি। ৬) ***জিএমএমবি***– অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জিএমএমবি) শাখায় ১টি। ৭) ***মার্কেটিং***– অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মার্কেটিং) শাখায় শূন্যপদ ৩টি। ৮) ***টিএসিডি***– অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টিএসিডি) শাখায় শূন্যপদ ১টি। ৯) ***এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং***– ক) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইকোলজি অ্যান্ড বায়ো ডায়ভার্সিটি) শাখায় শূন্যপদ ১টি। খ) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং) শাখায় শূন্যপদ ২টি। উপরিউক্ত শূন্যপদগুলি গ্রেড-E-1 এর অন্তর্ভুক্ত। এই শূন্যপদগুলির মধ্যে অসংরক্ষিত ৯, এসসি ১, এসটি ১, ওবিসি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২। ১০) ***প্রসেস ইঞ্জিনিয়ারিং (সিজিডি)*** – ডেপুটি ম্যানেজার (কেমিক্যাল) শাখায় শূন্যপদ ১টি। ১১) ***প্রোকিউরমেন্ট ইঞ্জিনিয়ারিং*** – ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ১টি। ১২) ***কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং*** – ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ১টি। ১৩) ***ইনস্পেকশন অ্যান্ড এক্সপেডিটিং*** – ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ইনস্ট্রুমেন্টেশন) শাখায় শূন্যপদ ১টি। ১৪) ***ইনফ্রাস্ট্রাকটিভ প্রোজেক্ট***– ডেপুটি ম্যানেজার (সিভিল) শাখায় শূন্যপদ ১টি। ১৫) ***মেকানিক্যাল-এলডিপি প্রোজেক্ট***– ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ৩টি। ১৬) ***সিভিল-এলডিপি প্রোজেক্ট***– ডেপুটি ম্যানেজার (সিভিল) শাখায় শূন্যপদ ২টি। ১৭) ***মেকানিক্যাল-সিজিডি অফিস***– ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ১টি। ১৮) ***সিভিল-সিজিডি অফিস***– ডেপুটি ম্যানেজার (সিভিল) শাখায় শূন্যপদ ১টি। ১৯) ***মেকানিক্যাল-টিজিডি সাইট***– ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ৪টি। ২০) ***সিভিল-টিজিডি সাইট***– ডেপুটি ম্যানেজার (সিভিল) শাখায় শূন্যপদ ১টি। ২১) ***এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং***– ডেপুটি ম্যানেজার (সোশিও ইকোনোমিক) শাখায় শূন্যপদ ১টি। ২২) ***এনএফডি***– ডেপুটি ম্যানেজার (এনএফডি) শাখায় শূন্যপদ ১টি। ২৩) ***হিউম্যান রিসোর্সেস***– ডেপুটি ম্যানেজার (এইচআর) শাখায় শূন্যপদ ৪টি। এই শূন্যপদগুলি গ্রেড-E-2 এর অন্তর্ভুক্ত। এই শূন্যপদগুলির মধ্যে অসংরক্ষিত ৯, এসসি ৪, এসটি ১২, ওবিসি ৮ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২। ২৪) ***ইনস্ট্রুমেন্টেশন-অয়েল অ্যান্ড গ্যাস*** – ম্যানেজার (ইনস্ট্রুমেন্টেশন) শাখায় শূন্যপদ ১টি। ২৫) ***মেকানিক্যাল-এলডিপি প্রোজেক্ট***– ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ৮টি। ২৬) ***সিভিল-এলডিপি প্রোজেক্ট***– ম্যানেজার (সিভিল) শাখায় শূন্যপদ ৪টি। ২৭) ***মেকানিক্যাল-সিজিডি***– ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ৬টি। ২৮) ***সিভিল-সিজিডি***– ম্যানেজার (সিভিল) শাখায় শূন্যপদ ১টি। ২৯) ***হিউম্যান রিসোর্সেস***– ম্যানেজার (এইচআর) শাখায় শূন্যপদ ২টি। এই শূন্যপদগুলি গ্রেড-E-3 এর অন্তর্ভুক্ত। এই শূন্যপদগুলির মধ্যে অসংরক্ষিত ১০, এসসি ৪, এসটি ২, ওবিসি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২। ৩০) ***ইনস্ট্রুমেন্টেশন-অয়েল অ্যান্ড গ্যাস***– সিনিয়র ম্যানেজার (ইনস্ট্রুমেন্টেশন) শাখায় শূন্যপদ ১টি। ৩১) ***মেকানিক্যাল-সিজিডি***- সিনিয়র ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ২টি। ৩২) ***এনএফডি***– সিনিয়র ম্যানেজার (এনএফডি) শাখায় শূন্যপদ ১টি। এই শূন্যপদগুলি গ্রেড-E-4 এর অন্তর্ভুক্ত। এই শূন্যপদগুলির মধ্যে অসংরক্ষিত ২, ওবিসি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১। ৩৩) ***এনএফডি***– অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (এনএফডি) শাখায় শূন্যপদ ১টি। ৩৪) ***আইটি সার্ভিসেস***– অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (আইটি সার্ভিসেস) শাখায় শূন্যপদ ১টি। এই শূন্যপদগুলি গ্রেড-E-5 এর অন্তর্ভুক্ত। এই শূন্যপদগুলি অসংরক্ষিত। ৩৫) ***এনএফডি***– ডেপুটি জেনারেল ম্যানেজার (এনএফডি) শাখায় শূন্যপদ ১টি। ৩৬) ***ফিন্যান্স***– ডেপুটি জেনারেল ম্যানেজার (ফিন্যান্স) শাখায় শূন্যপদ ২টি। এই শূন্যপদগুলি গ্রেড-E-6 এর অন্তর্ভুক্ত এবং অসংরক্ষিত। ৩৭) ***মেকানিক্যাল-সিজিডি***– জেনারেল ম্যানেজার (মেকানিক্যাল) শাখায় শূন্যপদ ২টি। ৩৮) ***এনএফডি***– জেনারেল ম্যানেজার (এনএফডি) শাখায় শূন্যপদ ১টি। ৩৯) ***ফিন্যান্স***– জেনারেল ম্যানেজার (ফিন্যান্স) শাখায় শূন্যপদ ২টি। এই শূন্যপদগুলি গ্রেড-E-7 এর অন্তর্ভুক্ত। এরমধ্যে অসংরক্ষিত ৪ এবং ওবিসি ১।

▶ **বয়সসীমা :** ২৫ নভেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী E-1 গ্রেডের প্রার্থীদের বয়সসীমা ৩০ বছর, E-2 গ্রেডের প্রার্থীদের বয়সসীমা ৩২ বছর, E-3 গ্রেডে ৩৬ বছর, E-4 গ্রেডে ৪০ বছর, E-5 গ্রেডে ৪৪ বছর, E-6 গ্রেডে ৪৭ বছর, E-7 গ্রেডের প্রার্থীদের বয়সসীমা ৫২ বছর পর্যন্ত আছে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** ১) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সিভিল)-অয়েল অ্যান্ড গ্যাস শাখার জন্য সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক পাশ করতে হবে। ২) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (আর্কিটেকচার)-অয়েল অ্যান্ড গ্যাস শাখায় আবেদনের জন্য আর্কিটেকচারে স্নাতক পাশ করতে হবে। ৩) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর) - অয়েল অ্যান্ড গ্যাস শাখায় আবেদনের জন্য পিজি ডিগ্রি/পিজি ডিপ্লোমা/এমবিএ/এমএসডব্লু/এইচআরএম-তে স্পেশালাইজেশনে সহ এমএ পাশ/পার্সোনাল ম্যানেজমেন্ট/আইআর/লেবার ম্যানেজমেন্ট/অর্গানাইজেশনাল ডেভেলপমেন্ট/এইচআরডি/লেবার ওয়েলফেয়ার বিষয়ে স্পেশালাইজেশনসহ এমএ পাশ করতে হবে। ৪) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইনস্ট্রুমেন্টেশন) - অয়েল অ্যান্ড গ্যাস শাখায় আবেদনের জন্য ইনস্ট্রুমেন্টেশন/ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বিষয়ে স্নাতক পাশ করতে হবে। ৫) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মেকানিক্যাল) - এলডিপি প্রোজেক্ট এবং অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (আইরন মেকিং)– উভয় শাখাতেই আবেদনের জন্য মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক পাশ করতে হবে। ৬) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জিএমএমবি) শাখায় আবেদনের জন্য মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক পাশ করতে হবে। ৭) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মার্কেটিং) শাখায় আবেদনের জন্য যেকোনো ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশের সঙ্গে মার্কেটিংয়ে স্পেশালাইজেশনসহ মাস্টার ডিগ্রি/পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ করতে হবে ২ বছরের মেয়াদে। ৮) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টিএসিডি) শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে ২ বছর মেয়াদের পিজি ডিপ্লোমা পাশ করতে হবে মেটিরিয়েল ম্যানেজমেন্ট বিষয়ে। ৯) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং) শাখায় আবেদনের জন্য কেমিক্যাল/এনভায়রনমেন্টাল/সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক পাশের সঙ্গে কেমিক্যাল/এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিংয়ে মাস্টার ডিগ্রি পাশ করতে হবে।

উপরিউক্ত সমস্ত পদগুলিতে ফ্রেশার প্রার্থীরাও আবেদন করতে পারেন। ১০) ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল) - প্রোকিওরমেন্ট ইঞ্জিনিয়ারিং এবং ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল) - কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং শাখায় আবেদনের জন্য মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক পাশের সঙ্গে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। ১১) ডেপুটি ম্যানেজার (মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ইনস্ট্রুমেন্টেশন) - ইন্সপেকশন অ্যান্ড এক্সপেডিটিং শাখায় আবেদনের জন্য সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশের সঙ্গে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। বাকি পদগুলির শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে বিস্তারিত জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিতে হবে। প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের ভিত্তিতে।

▶ **আবেদনের সময়সীমা :** ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে www.meconlimited.co.in ওয়েবসাইটের Careers অপশনে গিয়ে প্রার্থীদের আবেদন করতে হবে। আবেদন ফি ১০০০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিন।

কলকাতা পোস্টাল সার্কেলে ১২৪

২ পাতার পর

৩৭) প্যারা স্পোর্টস, ৩৮) পেনক্যাক সাইল্যাট, ৩৯) পোলো, ৪০) পাওয়ার লিফটিং, ৪১) শুটিং, ৪২) শুটিং বল, ৪৩) রোল বল, ৪৪) রোলার স্কেটিং, ৪৫) রোয়িং, ৪৬) রাগবি, ৪৭) সেপক টাকর, ৪৮) সফট বল, ৪৯) সফট টেনিস, ৫০) স্কোয়াশ, ৫১) সুইমিং, ৫২) টেবিল টেনিস, ৫৩) তাইকোন্দো, ৫৪) পেনি-কয়েট, ৫৫) টেনিস, ৫৬) টেনিস বল ক্রিকেট, ৫৭) টেম্পিং বাউলিং, ৫৮) ট্রেয়াথ লন, ৫৯) টাগ অফ ওয়্যার, ৬০) ভলিবল, ৬১) ওয়েট লিফটিং, ৬২) উসু, ৬৩) রেসলিং ও ৬৪) ইয়াকটিং। এছাড়া প্রার্থীদের স্বীকৃত বোর্ড থেকে ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ করতে হবে এবং ২ মাসের মেয়াদে বেসিক কম্পিউটার ট্রেনিংয়ের সঙ্গে ২ চাকার মোটর বাইক চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

▶ **শূন্যপদ :** ইউনিট অনুযায়ী শূন্যপদগুলি হল– ১) পিএসিও-তে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ৪টি, ২) পিএএসবিসিও-তে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ৬টি, ৩) আরএলও-তে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি, ৪) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি, ৫) কলকাতা জিপিও-তে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ৪টি এবং পোস্টম্যানে ৩টি, ৬) সেন্ট্রাল কলকাতাতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি, পোসটম্যানে ২টি, ৭) ইস্ট কলকাতাতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ৩টি, পোস্টম্যানে ৬টি, ৮) সাউথ কলকাতাতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ২টি, পোস্টম্যানে ১০টি, ৯) নর্থ কলকাতাতে পোস্টম্যানে ৬টি, ১০) নর্থ প্রেসিডেন্সিতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ৪টি, পোস্টম্যানে ৪টি, ১১) সাউথ প্রেসিডেন্সিতে পোস্টম্যানে ২টি, ১২) বীরভূমে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি, ১৩) বারাসাতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ৩টি, পোস্টম্যানে ২টি, ১৪) নদীয়া নর্থে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ২টি, পোস্টম্যানে ১টি, ১৫) নদীয়া সাউথে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি, পোস্টম্যানে ১টি, ১৬) মুর্শিদাবাদে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ৪টি, পোস্টম্যানে ২টি, ১৭) সাউথ প্রেসিডেন্সিতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ২টি, ১৮) কলকাতা আরএমএস শর্টিং অ্যাসিস্ট্যান্টে ১১টি শূন্যপদ আছে। ১৯) কলকাতা এসি শর্টিংয়ে শর্টিং অ্যাসিস্ট্যান্টে ৬টি, ২০) আরএমএস 'এইচ'-তে শর্টিং অ্যাসিস্ট্যান্টে ২টি, ২১) আরএমএস 'এসবি'-তে শর্টিং অ্যাসিস্ট্যান্টে ২টি, ২২) আরএমএস 'ডব্লুবি'-তে শর্টিং অ্যাসিস্ট্যান্টে ৪টি, ২৩) ফরেন পোস্টে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি, ২৪) আসানসোলে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ২টি, পোস্টম্যানে ৩টি। ২৫) কোন্টাইতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি। ২৬) হাওড়াতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি, ২৭) মেদিনীপুরে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ২টি, ২৮) তমলুকে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ২টি, ২৯) বাঁকুড়ায় পোস্টম্যানে ১টি, ৩০) দার্জিলিংয়ে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ১টি ও পোস্টম্যানে ১টি। ৩১) জলপাইগুলিতে পোস্টাল অ্যাসিস্ট্যান্টে ২টি, ৩২) কুচবিহারে পোস্টম্যানে ২টি। ৩৩) দিনাজপুরে শুধু পোস্টম্যানে ১টি শূন্যপদ আছে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দেওয়া আছে যেটি প্রিন্ট আউট করে যথাযথভাবে ফিলআপ করে ২৪ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে পাঠিয়ে দিতে হবে এই ঠিকানায়– Office of the Post Master General, West Bengal Circle, Kolkata-700012। আবেদন ফি ১০০ টাকা। এসসি/এসটি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের আবেদন লাগবে না। আবেদন ফি চালানের মাধ্যমে জমা করতে হবে যেকোনো কম্পিউটারাইজড পোস্ট অফিসগুলিতে। এছাড়া বিশদে জানতে www.indiapost.gov.in ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

উচ্চমাধ্যমিকের পর মেডিক্যালে বিভিন্ন স্ট্রিম নিয়ে কেরিয়ার

◆ **উচ্চমাধ্যমিকে বায়োসায়েন্স নিয়ে পড়ে পরবর্তীতে কি কি মেডিক্যাল স্ট্রিমে পড়া যায়? এই স্ট্রিমে চাকরির সুযোগ কেমন?**

☞ ছোট থেকে যেসব ছেলেমেয়েরা বায়োলজি বা জীববিদ্যা পড়তে ভালোবাসে তারা আসলে ভবিষ্যতে বেশিরভাগই ডাক্তার হবার স্বপ্ন দেখে। সেই পেশা যেখানে সত্যি একজন মানুষ ঈশ্বরের প্রতিরূপ হিসেবে নিত্যদিন সাধারণ মানুষের সেবা করার সুযোগ পায়। পরিবর্তে পায় সম্মান, যশ এবং সাধারণ মানুষের শ্রদ্ধা। অর্থের কথা বললাম না কারণ যার প্রত্যন্ত গ্রামেগঞ্জে ডাক্তারি ও স্বাস্থ্য পরিষেবা দিয়ে থাকে তারা সত্যি শুধমাত্র উপার্জন নিয়ে মাথা ঘামায় না। যারা উচ্চমাধ্যমিকে পদার্থবিদ্যা (ফিজিক্স), রসায়ন (কেমিস্ট্রি), বায়োলজি পড়েছে তারা সবাই মেডিকেল জয়েন্ট (NEET)-এ বসতে পারবে। মেডিক্যাল স্ট্রিমে ব্যাচেলর্স ডিগ্রীতে যা যা পড়ানো হয় সেগুলি হল– ১) এমবিবিএস, ২) ডেন্টাল, ৩) হোমিওপ্যাথি, ৪) আয়ুর্বেদিক, ৫) ইউনানি। এছাড়াও বায়োসায়েন্স পড়ে আরও যে যে পেশাগত বিষয়ে পড়াশোনা করা যায় সেগুলি হল–

১) নার্সিং, ২) ফার্মাসি, ৩) প্যারামেডিকেল। উচ্চমাধ্যমিকের পর মেডিক্যাল বা ডাক্তারির সম্পর্কে বিস্তারিত তথ্য– এমবিবিএস (ব্যাচেলর অফ মেডিসিন অ্যান্ড ব্যাচেলর অফ সার্জারি) পড়তে গেলে কি পরীক্ষায় পাশ করতে হবে। NEET (ন্যাশনাল এন্ট্রান্স এলিজিবিলিটি টেস্ট) দিয়ে এমবিবিএস ও ডেন্টাল পড়া যায়। নীট এ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা অনুযায়ী কলেজে ভর্তি হতে হয়। বিস্তারিত জানতে ওয়েবসাইট দেখুন– https://ntaneet.nic.in/

কোথায় পড়ানো হয়?

পশ্চিমবঙ্গে সরকারি এবং বেসরকারি কলেজে MBBS পড়াচ্ছে। কিন্তু তাদের কোর্স ফিও যথেষ্ট বেশি, কারণ মেডিকেল পড়ানোর জন্য যে পরিকাঠামো, যন্ত্রপাতি দরকার তা সত্যি ব্যয়বহুল। কিন্তু সরকারি কলেজে সরকারকে প্রতি পড়ুয়ার জন্য অনেক ভর্তুকি দিতে হয়, একজন ডাক্তার বানাবার জন্য। আর সরকার এই ভর্তুকি বহন করে, কারণ শুধু একটাই যাতে তারা সমাজে স্বাস্থ্য পরিষেবা চালু রাখতে পারে, এবং সাধারণ দেশবাসী উপকৃত হয়।

হোমিওপ্যাথি ৫.৫ বছরের কোর্স (BHMS)– অফিসিয়েল ওয়েবসাইট https://www.wbhealth.gov.in/anysh/news.ph

পড়লে গেলে কি পরীক্ষায় পাশ করতে হবে?

NEET UG তে প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই কলেজ কাউন্সেলিং এর মাধ্যমে ভর্তির সুযোগ মেলে। উচ্চমাধ্যমিক বা ১০+২ শ্রেণিতে পদার্থবিদ্যা, রসায়ন এবং জীববিদ্যাতে গড়ে ৫০% নম্বর থাকতেই হবে। আর অবশ্যই ইংরাজি থাকতে হবে, তবেই পড়তে পারবে BHMS।

কোথায় পড়ানো হয়?

ক্যালকাটা হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল - ৫০ আসন। Email : dr.rajatchatterjee@gmail.com/ chmch_1881@rediffmail.com

ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথি কলকাতা - ৯৩ আসন। Email: admin@nih.nic.in

মেদিনীপুর হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল - ৫৪ আসন। Email: mhmch1945@gmail.com

ডিএন দে হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল, কলকাতা - ৫০ আসন। Email : dndeofficial@gmail.com

মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল, হাওড়া - ৫০ আসন। Email: principal mbhmch@gmail.com

ডেন্টাল/BDS (ব্যাচেলর ইন ডেন্টাল সার্জারি)। পড়তে গেলে কি পরীক্ষায় পাশ করতে হবে?

BEET UG তে প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই কলেজ কাউন্সেলিংয়ের মাধ্যমে ভর্তির সুযোগ মেলে। উচ্চমাধ্যমিক বা ১০+২ শ্রেণিতে পদার্থবিদ্যা, রসায়ন এবং জীববিদ্যাতে গড়ে ৫০% নম্বর থাকতেই হবে।

কোথায় পড়ানো হয়?

ডঃ আর আহমেদ ডেন্টাল কলেজ অ্যান্ড হসপিটাল। ১১৪, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, কলকাতা-৭০০০১৪।

বর্ধমান ডেন্টাল কলেজ অ্যান্ড হসপিটাল। পাওয়ার হাউস পাড়া, জেলা বর্ধমান, পিন ৭১৩১০১, পশ্চিমবঙ্গ।

নর্থ বেঙ্গল ডেন্টাল কলেজ ও হসপিটাল। দ্য নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল ক্যাম্পাস পোঃ সুশ্রুতনগর-৭৩৪০১২। জেলা দার্জিলিং, পশ্চিমবঙ্গ। এছাড়া ২টি বেসরকারি কলেজ আছে হলদিয়া এবং গুরু নানক ডেন্টাল কলেজ।

আয়ুর্বেদিক - BAM (ব্যাচেলর অফ আয়ুর্বেদ মেডিসিন অ্যান্ড সার্জারি) - ৫.৫ বছর। পড়তে গেলে NEET-UG পাশ করতে হবে। অফিসিয়েল ওয়েবসাইট : https://wbuhs.ac.in

কোথায় পড়ানো হয়?

একমাত্র জে বি রায় কলেজে গ্র্যাজুয়েশন করানো হয়। বাদবাকি কলেজে পোস্ট গ্র্যাজুয়েশন করানো হয়। জে বি রায় স্টেট আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল, কলকাতা-৬০ সিট। ১৭০-১৭২ রাজা দীনেন্দ্র স্ট্রিট, পোঃ শ্যামবাজার, কলকাতা-৭০০০০৪। ফোন: 03325545418

বিশ্বনাথ আয়ুর্বেদিক মহাবিদ্যালয় - ২ বছরের ডিপ্লোমা আয়ুর্বেদিক ফার্মাসিতে করা যায়। সুপারিন্টেন্ডেন্ট অ্যান্ড এক্স অফিসিও প্রফেসর ডঃ দেবাশিস ঘোষ। ৭৭ অরবিন্দ সরণি, কলকাতা-৭০০০০৫। Email: vamhospital@gmail.com

এছাড়া ১ বছরের পঞ্চকর্মা কোর্স করানো হয় যাতে উচ্চমাধ্যমিকের নম্বর অনুযায়ী ভর্তি হয়।

পঞ্চকর্মা কোর্স - ২০ সিট।

অ্যাপ্লিকেশন - অনলাইনের করতে হয়, উচ্চমাদ্যমিকের নম্বর অনুযায়ী মেরিট লিস্ট বেরোয়। অফিসিয়েল ওয়েবসাইট: https://www.wbhealth.gov.in

ইউনানি - ৫.৫ বছরের কোর্স। ১০+২ সায়েন্স নিয়ে পাশ করতে হবে এবং বায়োলজি থাকতে হবে। কোর্সের নাম - ব্যাচেলর অফ মেডিসিন ইউনানি অ্যান্ড সার্জারি (BUMS)। পড়তে গেলে NEET পরীক্ষায় পাশ করতে হবে।

কোথায় পড়ানো হয়?

ক্যালকাটা ইউনানি মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল। অফিসিয়েল ওয়েবসাইট : http://calumch.org

নার্সিং :

নার্সিং দুভাবে পড়া যায়। ১) বিএসসি নার্সিং (ডিগ্রি), ২) GNM নার্সিং (ডিপ্লোমা)।

১) বিএসসি নার্সিং (ডিগ্রি)– পড়তে সগর্স ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ডেরই পরিচালিত পরীক্ষা JENPAS-UG পাশ করতে হবে। এই পরীক্ষাটির ফর্ম ফিল-আপ পদ্ধতি সম্পূর্ণভাবে অনলাইনেই হয়। এই পরীক্ষাতে পদার্থবিদ্যা, রসায়ন এবং জীববিদ্যা থেকেই প্রশ্ন হয় যা ১১-১২ শ্রেণি থেকে আসে। ২ ঘণ্টার পরীক্ষা হয়। তাই যারা অঙ্কে দুর্বল তারা এই বিষয়টি নিয়ে ভাবতেই পারো। অ্যাপ্লিকেশন ফর্ম ফিল-আপ করার পদ্ধতি হল–

প্রথম ধাপ– ১) অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম ফিলআপ করতে গেলে প্রথমে ক্যান্ডিডেটকে রেজিস্টার করতে হবে। ২) নিজের নাম, বাবা-মা এর নাম, ঠিকানা, জন্মতারিখ, ই-মেল আইডি, মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। ৩) তারপর ক্যান্ডিডেটকে একটা পাসওয়ার্ড ও সিকিউরিটি প্রশ্ন বেছে নিতে হবে। ৪) তারপর সাবমিট করে দিলেই রেজিস্ট্রেশন সম্পূর্ণ হয়ে যাবে। ৫) ক্যান্ডিডেটের ফোন বা মেল-এ অ্যাপ্লিকেশন নম্বর চলে আসবে।

দ্বিতীয় ধাপ– ৬) সেই অ্যাপ্লিকেশন নম্বর দিয়ে আবার ওই এক ই-সাইটে গিয়ে লগ ইন করতে হবে। ৭) ফর্ম ফিল-আপ করতে হবে। ৮) তারপর নিজের একটা রিসেন্ট ফটোগ্রাফ আর সই JPEG বা JPG ফর্ম্যাটে আপলোড করতে হবে। ছবিগুলোর রিসোলিউশন ৩০০ ডিপিআই এর মধ্যে হবে। ৯) তারপর ৫০০ টাকা পেমেন্ট করতে হবে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা অনলাইন পেমেন্ট-এর মাধ্যমে। ১০) তারপর সাবমিট করলেই কনফার্মেশন পেজ আসবে তাতে ক্লিক করলেই হয়ে যাবে আবেদন করা।

২) জিএনএম নার্সিং (ডিপ্লোমা)– কোর্স করতে হলে সায়েন্স, আর্টস, কমার্স যেকোনো বিভাগের পড়ুয়ারা আবেদন করতে পারে ১০+২ এর পর। ওয়েবসাইট : https://www.wbhealth.gov.in। ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করে আবেদন করলেই হবে। কোনো এন্ট্রান্স নেই। ৩ বছরের কোর্স ও ৬ মাসের ইন্টার্নশিপ। মোট আসন - ২৮১৭। বয়সসীমা ১৭-২৭ বছর।

ফার্মাসি :

ব্যাচেলর ডিগ্রি ইন ফার্মাসিউটিক্যালস টেকনোলজি / B. Pharm– এটি অনেকগুলি বিষয়ের সমষ্টি। ওষুধ আবিষ্কার থেকে শুরু করে তার মধ্যের প্রতিটি মৌল এবং পদার্থের গুণগত মান নির্ধারণ, সেগুলির অনুপাত আলাদা হলে শরীরে শরীরে তার প্রভাব পড়ে এবং তার পরীক্ষা ও সর্বোপরি কোনো ওষুধ যা তৈরি হচ্ছে মানুষের ব্যবহারের জন্য যা ইতিমধ্যেই বাজারে চলে এসেছে সেই ওষুদের গুণগত মান বজায় রাখা হচ্ছে কিনা এসবই ফার্মাসিউটিক্যাল টেকনোলজির মধ্যে পড়ে। এটা এমন একটা প্ল্যাটফর্ম যেখানে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং ফার্মাসিউটিক্যাল সায়েন্স একসাথে কাজ করে। সরকারি দুটি কলেজে ফার্মাসি পড়নো হয়। ১) যাদবপুর ইউনিভার্সিটি ও ২) ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্স (WBUHS)। এছাড়া অনেক বেসরকারি কলেজ আছে যেখানে পড়ানো হয়। এর জন্য WBJEE ৪ বছরের কোর্স পাশ করতে হয়।

পদার্থবিদ্যা, অঙ্ক, রসায়ন বা বায়োলজি নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করলেই ফার্মাসির জয়েন্ট পরীক্ষা দেওয়া যায়। ওয়েবসাইট : https://www.wbjeeb.nic.in

প্যারামেডিক্যাল :

১০+২-তে রসায়ন, পদার্থবিদ্যা ও জীববিদ্যা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ বা উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবে এমন প্রার্থীরা আবেদনযোগ্য। সর্বনিম্ন ১৭ বছর বয়স। প্যারামেডিক্যাল পড়ার জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দিতে হয়। পরীক্ষার নাম SMFWB। পরীক্ষাটি অফলাইনে হয়। অফিসিয়েল ওয়েবসাইট : http://smfwb.in

কিভাবে ফর্ম ফিল-আপ করতে হয়?

১) প্রথমে SMFWB এর অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে ক্যান্ডিডেটকে নিজের নাম রেজিস্টার করতে হবে। ২) তারপর অ্যাপ্লিকেশন ফর্ম অনলাইনেই ওই রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফিল-আপ করতে হবে। নিজের স্ক্যান করা পাসপোর্ট সাইজ ছবি আপলোড করতে হবে। একজন একটাই অ্যাপ্লিকেশন করতে পারবে, এক ই-ক্যান্ডিডেট অনেকগুলো অ্যাপ্লিকেশন করলে তার অ্যাপ্লিকেশনটা বাতিল হয়ে যাবে। ৩) অনলাইনের অ্যাপ্লিকেশন ফর্মটা ফিল-আপ করে সাবমিট করে তার একটা কপি নিজের কাছে রেখে দিতে হবে, পরে কাজে লাগে। ৪) অ্যাপ্লিকেশন ফি ১০০ টাকা + রেজিস্ট্রেশন ফি ৫০০ টাকা, মোট অ্যাপ্লিকেশন ফি ৬০০ টাকা। ১০০ টাকাটা অনলাইনেই পেমেন্ট করতে হবে আর অ্যাপ্লিকেশন ফি ৬০০ টাকাটা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালান বা অনলাইনে দিলেও হবে।

কি কি বিষয়ে এই পরীক্ষা হবে?

পরীক্ষাটিতে মাল্টিপল চয়েস কোয়েশ্চন (MCQ) থাকে। ২টি সেকশন - সেকশন A - পদার্থবিদ্যা ও রসায়ন। সেকশন B - বায়োলজি বা জীববিদ্যা। টোটাল ২টো সেকশন মিলিয়ে ১০০ টা কোয়েশ্চেন। কোনো নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষাকেন্দ্র আছে– কলকাতা, মুর্শিদাবাদ, বাঁকুড়া, বর্ধমান, মেদিনীপুর, নদীয়া, মালদা, শিলিগুড়িতে। প্যারামেডিকেলের এন্ট্রান্স পরীক্ষা পাশ করলে মেরিট লিস্টে নাম এলে তারপর সম্পূর্ণ অনলাইনেই কাউন্সেলিং হবে র‍্যাঙ্ক অনুযায়ী।

তারপর নিজের সিট বুক করার জন্য ১৫০০০ টাকা অনলাইন পেমেন্ট-এর মাধ্যকে দিতে হবে। একবার কাউন্সেলিংয়ে নাম এসে গিয়ে কোনো কলেজের সিটে ভর্তি হয়ে গেলে, তা কোনোভাবেই বদলানো যাবে না।

প্যারামেডিক্যাল কোর্সগুলি সাধারণত ৩ বছরের হয়। প্রধানত স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী তৈরি করার বাজারমুখী কোর্সই প্যারামেডিক্যাল।

আমরা যখনই কোনো হাসপাতাল বা ক্লিনিকে যাই রক্ত পরীক্ষা করতে, বা এক্সরে করতে সেই সম্পূর্ণ পদ্ধতিটা কোনো ডাক্তার করেনা কিন্তু করে এক একজন দক্ষ পেশাদার প্যারামেডিক্যাল কর্মীরা।

পশ্চিমবঙ্গে কি কি কোর্স আমরা করতে পারি?

১) ডিএলএমটি (DLMT) : ডিপ্লোমা ইন ল্যাবরেটরি টেকনিসিয়ান কোর্সেস/DIPLOMA IN LABORATORY TECHNICIAN COURSES. ২) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (Diploma in Critical Care Technology)। ৩) ডিপ্লোমা ইন ক্যাথ ল্যাব টেকনিশিয়ান (Diploma in Cath-lab Technician)। ৪) ডিপ্লোমা ইন ডায়াবেটিস কেয়ার টেকনোলজি (Diploma in Diabetes Care Technology)। ৫) ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (Diploma in Medical Laboratory Technology)। ৬) ডিপ্লোমা ইন নিউরো ইলেক্ট্রো ফিজিওলজি (Diploma in Neuro Electro Physiology)। ৭) ডিপ্লোমা ইন অপটোমেট্রি অ্যান্ড অপথালমিক টেকনিক (Diploma in Optometry with Ophthalmic Technique)। ৮) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (Diploma in Operation Theatre Technology)। ৯) ডিপ্লোমা ইন পারফিউশন টেকনোলজি (Diploma in Perfusion Technology)। ১০) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি (Diploma in Physiotherapy)। ১১) ডিপ্লোমা ইন রেডিওগ্রাফি (Diploma in Radiography)। ১২) ডিপ্লোমা ইন রেডিওথেরাপিউটিক টেকনোলজি (Diploma in Radiotherapeutic Technology)। আরও বিস্তারিত জানতে SMFWB এর অফিসিয়েল ওয়েবসাইট হল– http://smfwb.in

নিচের অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে দেখে নিন কোন কোন হসপিটালে এই কোর্সগুলি করানো হয় এবং করতে খরচ কিরকম। *তথ্যসূত্র : গুগল থেকে সংগৃহীত।*

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন **sckmatter@gmail.com** এই ইমেল আইডিতে। অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর প্রকাশিত হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হয় না।

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Specialist Officer XI (Mains Exam)	30.01.2022	www.ibps.in
IBPS Specialist Officer XI (Prelims Exam)	26.12.2021	
IBPS PO / MT XI (Mains Exam) 2021	January, 2022	
IBPS Clerk-XI (Mains Exam) 2021	January, 2022	
IBPS Clerk-XI (Preli Exam) 2021	December, 2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Mains) Exam-2021	27.02.2022 to 08.03.2022	www.upsc.gov.in
Indian Forest Service (Preli) Exam-2022	05.06.2022	
Indian Forest Service (Mains) Exam-2022	20.11.2022	
Civil Services (Mains) Exam-2021	07-09,15,16.01.2022	
Civil Services (Preli) Exam-2022	05.06.2022	
Civil Services (Mains) Exam-2022	16.09.2022	
CDS Exam-II 2022	04.09.2022	
Combined Geo-Scientist Preli Exam 2022	20.02.2022	
Combined Geo-Scientist Mian Exam 2022	25,26.06.2022	
Engineering Service Preli Exam 2022	20.02.2022	
NDA & NA Exam-I 2022	10.04.2022	
NDA & NA Exam-II 2022	04.09.2022	
Staff Selection Commission		
CGL 2020 Tier-III Exam	06.02.2022	www.ssc.nic.in
CGL 2020 Tier-III CBT	28-29.01.2022	
CHSL 2020 Tier-II Exam	09.01.2022	
Selection Post (Phase-IX) CBT	02-10.02.2022	
SSC GD Constable, 2021	16.11 to 15.12.2021	
West Bengal & All India Various Exams' Date		
NIACL Administrative Officer Phase-II	04.12.2021	www.newindia.co.in
WBP Excise Constable 2019 (PMT/PET)	25.11 to 06.12.2021	wbpolice.gov.in
WB SET 2021	09.01.2022	www.wbcsconline.in
Navik (DB) 01/2022 Stage-III Exam	April, 2022	https://joinindian
Navik (GD) & Yantrik 01/2022 Stage-III Exam	February, 2022	coastguard.gov.in
WBSEDCL Office Executive & Junior Operator Technician cum Technical Assistant (Advt. No. 05/2018)	—	www.wbsedcl.in
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	wbpsc.gov.in

West Bengal and All India Various Exams' Result

State Bank of India Clerk Mains Result	www.sbi.co.in
NIACL Administrative Officer Phase-I Result	www.newindia.co.in
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-X Officer (Scale-I, II, III) Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Preli Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	
WBP Staff Officer cum Instructor Preli Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
West Bengal and All India Various Exams' Result	
PSC Clerkship 2019 Mains Result (Advt. No. 15/2019)	www.wbpsc.gov.in
Miscellaneous 2018 Final Result (Advt. No. 29/2017)	
WBCS 2019 Group-C Main Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
WBCS 2020 Preliminary Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
UPSC (Union Public Service Commission)	
Civil Service 2021 Preli Result	www.upsc.gov.in
CAPF Written Exam Result	
UPSC CDS-II 2020 Result	
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Engineer 2019 Paper-II Result	
JHT, Jr. Translator & SHT 2020 Final Result	
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 Final Result	
CHSL Exam 2019 (Tier-II) Result	
CHSL Exam 2020 (Tier-I) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী যেকোনো কেন্দ্রে সত্বর যোগাযোগ করুন।

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

জীবন গড়ার ১০০ বছর

ট্রেনিং পার্টনার ঃ ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

■*নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (ইউ জি সি অনুমোদিত) দ্বারা স্বীকৃত

প্রধান কোর্স সমূহ – যোগ্যতা ক্লাস X/XII বোর্ড এক্সাম

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- * রাউটিং সুইচিং এক্সপার্ট
- * নেটওয়ার্ক এক্সপার্ট
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- * ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- * সিসিটিভি টেকনিসিয়ান
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- * স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- অ্যাডভান্স মোবাইল রিপেয়ারিং (ই.এম.এম.সি) প্রফেশনাল
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- ডিজিটাল মিডিয়া অ্যাণ্ড মার্কেটিং
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- * অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক)
- * প্রফেশনাল বিসনেস অ্যাকাউন্ট্যান্ট
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
- * কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট #
- * স্টেনোগ্রাফি * মাইক্রোসফট অফিস (এক্সেল সহ)
- * ট্যালি GST * ডট নেট টেকনোলজি

বাঁক অফ মহারাষ্ট্র Bank of Maharashtra
- ১০০% এডুকেশন লোন
- পরিশোধ করার সময়সীমা : ১৫ বছর
- চাকরী পাওয়ার পর অথবা ডিপ্লোমা / সার্টিফিকেট পাওয়ার ১ বছর পর থেকে EMI শুরু
- EMI সামান্য

*Scan QR code for more details

ডাটা সায়েন্স
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং আর
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং পাইথন
- মেশিন লার্নিং ইউজিং আর
- মেশিন লার্নিং ইউজিং পাইথন

কর্পোরেট কোর্স
- রিলায়েন্স ডিজিটাল কনজিউমার ইলেকট্রনিক্স ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- রিলায়েন্স ডিজিটাল এয়ার কন্ডিশনার ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- রিলায়েন্স ডিজিটাল হোম অ্যাপ্লায়েন্সেস অ্যাণ্ড রেফ্রিজারেটর ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)

ফিল্ম অ্যাণ্ড টেলিভিশন
- অ্যাকটিং
- এডিটিং
- ডাইরেকশন
- সিনেমাটোগ্রাফি

প্যারামেডিক্যাল – এন সি ভি আর টি (ভারত সরকার অনুমোদিত) দ্বারা স্বীকৃত
- ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরী টেকনোলজি
- ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি
- ডিপ্লোমা ইন নার্সিং অ্যাডমিনেসস্ট্রেসন
- ডিপ্লোমা ইন রেডিওলজি এন্ড ইমেজিং টেকনোলজি
- ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনোলজি
- সার্টিফিকেট ইন ফ্লেবোটমি টেকনিশিয়ান

বিউটি – এন সি ভি আর টি (ভারত সরকার অনুমোদিত) দ্বারা স্বীকৃত
- * ডিপ্লোমা ইন কসমেটোলজি
- * ডিপ্লোমা ইন বিউটি থেরাপি অ্যাণ্ড ম্যানেজমেন্ট
- * ডিপ্লোমা ইন হেয়ার স্টাইলিং
- * সার্টিফিকেট ইন সেল্ফ গ্রুমিং অ্যাণ্ড ব্রাইডাল মেকআপ
- * সার্টিফিকেট ইন অ্যাডভান্স কসমেটোলজি অ্যাণ্ড হেয়ার ডিজাইন
- * সার্টিফিকেট ইন নেল ট্রিটমেন্ট
- * সার্টিফিকেট ইন বিউটি থেরাপিস্ট

ইন্টিরিয়র ডিজাইন
- সার্টিফিকেট কোর্স ইন এক্সপার্ট প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন

E-mail : queries@georgetelegraph.org | Website : www.georgetelegraph.org

CENTRES মেন ক্যাম্পাস শিয়ালদহ 8336939682/83/84/85

TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence
BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence
SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence
SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

■ আলিপুরদুয়ার	9836408027
■ আন্দুল	8334975533
■ আসানসোল	9051117895
বেলঘড়িয়া (টেক্সম্যাকো)	9830780280
■ বাগনান	9051110638
■ বোলপুর	9073333262
■ বারাসাত (টাকী রোড)	9674165589
■ বারাসাত (যশোর রোড)	8336911041
■ বেহালা	9836616668
■ বহরমপুর	9674165587
বাঁকুড়া	9932870010
ব্যারাকপুর (ফিউচার হোপ)	9830596844
বর্ধমান	9007129736
■ কন্টাই	9674165582
■ দুর্গাপুর	9051111246
ডাকঘর	8017522288
ডায়মণ্ড হারবার	8017522287
গুয়াহাটি	9127066277
গার্ডেনরিচ	9230613574
■ হরিপাল	9874136799
হাবরা	9093037766
হলদিয়া	9732727609
■ জয়নগর	9836666773
জলপাইগুড়ি	9434154082
■ কল্যাণী	9674165588
■ কৃষ্ণনগর	9674162462
কোন্নগর	8697140843
কাকদ্বীপ	9830077802
■ খড়গপুর	9073610876
■ লিলুয়া (হাওড়া)	9830136688
মালবাজার	9674165584
■ মালদা	9674165585
■ মেদিনীপুর	8335062606
মেমারি	8777687853
পান্ডুয়া	9831840004
■ শিলিগুড়ি	8335078359
■ সোনারপুর	9830720005
সিউড়ি	9475074332
তমলুক	9735521383
ঠাকুরপুকুর	8017522286

Paramedical

বাগনান	9051110638
বালুরঘাট	9734935600
বারাসাত	8336911041
বসিরহাট	8910505980
বর্ধমান	8335053588
বেহালা	8336911653
দুর্গাপুর	9051111246
ঝাড়গ্রাম	9547240202
লিলুয়া	9830136688
মেদিনীপুর	8944007742
সোনারপুর	9073727474
শিলিগুড়ি	8335078359
তারকেশ্বর	9800119669

Smart Centre

■ শ্রীরামপুর	9073610884
■ বর্ধমান	8335053588
নাকতলা (গড়িয়া)	9831166575
সোনারপুর	9874055586

Beauty

■ ভবানীপুর	9073952154
■ বর্ধমান	8335053588
■ বাগনান	9051110638
সল্টলেক (এফ ডি ব্লক)	9830080238
নাকতলা (গড়িয়া)	9831166575
■ বারাসাত (যশোর রোড)	9073952156
■ দুর্গাপুর	9836428286
■ কল্যাণী	9674165588
গার্ডেনরিচ	6290939559
■ গড়িয়া (বোরাল)	9674165418
■ শিলিগুড়ি	9674757479

Interior Design

পার্ক স্ট্রিট	9073610877

Film & Television

নেতাজীনগর	8017009162 / 9830006595

Helpline ~ 9836428285 • WhatsApp 8336005282

কারেন্ট অ্যাফেয়ার্স

প্রতিরক্ষা

NCC-র 73তম প্রতিষ্ঠা দিবস উদ্‌যাপন

'ন্যাশনাল ক্যাডেট কর্পস' (NCC) ভারতীয় সশস্ত্র বাহিনীর যুব শাখা এবং বিশ্বের বৃহত্তম ইউনিফর্মধারী যুব সংগঠন **২৮ নভেম্বর উত্থাপনের ৭৩তম বার্ষিকী** পালন করছে। NCC দিবসটি প্রতি বছর নভেম্বরের চতুর্থ রবিবার পালিত হয়। ক্যাডেটদের মিছিল, রক্তদান শিবির এবং সামাজিক উন্নয়ন কর্মসূচিতে অংশগ্রহণের মধ্য দিয়ে সারা দেশে উদ্‌যাপন দিবস পালিত হচ্ছে।

ভারতীয় নৌবাহিনী চতুর্থ স্করপেন-শ্রেণির সাবমেরিন INS ভেলাকে কমিশন করেছে

ভারতীয় নৌবাহিনী মুম্বাইয়ের নেভাল ডকইয়ার্ডে দেশীয়ভবে তৈরি স্কোরপেন-শ্রেণির সাবমেরিন ভেলাকে কমিশন করেছে। **INS ভেলা** হল কালভারী, খান্দেরি এবং করঞ্জের পরে প্রজেক্ট ৭৫ সিরিজের চতুর্থ সাবমেরিন। এটি সমুদ্রপথ রক্ষা ও সুরক্ষিত করতে সাহায্য করবে। এটি ফ্রান্সের মেসার্স নেভাল গ্রুপের সহযোগিতায় Mazagon Dock Shipbuilders Ltd দ্বারা নির্মিত হয়েছিল।

জাতীয় খবর

ভারতীয় রেল মণিপুরে সবচেয়ে উঁচু পিয়ার ব্রিজ নির্মাণ

ভারতীয় রেলওয়ে মণিপুর বিশ্বের সবচেয়ে উঁচু পিয়ার রেলওয়ে সেতু নির্মাণ করেছে। মণিপুরে রেলওয়ের উচ্চাভিলাষী প্রকল্প হল জিরিবাম-ইম্ফল রেললাইনের অংশ, যা শেষ পর্যন্ত উত্তর-পূর্ব রাজ্যটিকে দেশের বাকি অংশের সঙ্গে সংযুক্ত করার জন্য নির্মিত একটি নতুন ব্রডগেজ লাইনের অংশ। বর্তমানে,



ইউরোপের মন্টিনিগ্রোতে নির্মিত ১৩৯ মিটার উচ্চ মালা-রিজেকা ভায়াডাক্ট দ্বারা সবচেয়ে লম্বা পিয়ার সেতুর রেকর্ড রয়েছে।

- সেতুটি ১৪১ মিটার উচ্চতায় নির্মিত হচ্ছে।
- মণিপুর সেতুর মোট দৈর্ঘ্য হবে ৭০৩ মিটার।
- একবার সম্পূর্ণ হলে, প্রকল্পটি যাত্রীদের ২-২.৫ ঘণ্টায় ১১১ কিলোমিটার দূরত্ব অতিক্রম করতে সক্ষম করবে।

ভারতের প্রথম সাইবার তহসিল তৈরি করবে মধ্যপ্রদেশ

মধ্যপ্রদেশ সরকার মধ্যপ্রদেশ রাজ্যে **সাইবার তহসিল তৈরির প্রস্তাব অনুমোদন** করেছে। এরফলে, মধ্যপ্রদেশ দেশের প্রথম রাজ্য হবে যেখানে সাইবার তহসিল হতে চলেছে। সাইবার তহসিল মিউটেশন প্রক্রিয়াটিকে সহজ করে তুলবে এবং রাজ্যের যেকোনোও জায়গা থেকে লোকেরা এর সুবিধা পেতে পারে। এর মাধ্যমে অবিতর্কিত জমির ক্ষেত্রে রূপান্তরের প্রক্রিয়াটি সুবিধানজক হবে।

জিতেন্দ্র সিং বিশ্বের প্রথম মাল্টিমোডাল ব্রেন ইমেজিং ডেটা এবং অ্যানাটিক্স চালু করেছেন

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্ব), **ডঃ জিতেন্দ্র সিং SWADESH** প্রকল্পের উদ্বোধন করেছেন। স্বদেশ প্রকল্পটি ভারতীয় জনগণের জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়েছে। এই অনন্য মস্তিষ্ক উদ্যোগটি তৈরি করেছে 'ডিবিটি-ন্যাশনাল ব্রেইন রিসার্চ সেন্টার' (ডিবিটি-এনবিআরসি), গুরগাঁও, হরিয়ানা।

- SWADESH একটি প্ল্যাটফর্মের অধীনে বিভিন্ন স্নায়বিক রোগের জন্য বিগ-ডেটা আর্কিটেকচার এবং বিশ্লেষণ নিয়ে আসে।
- এটি গবেষকদের আলজেইমার রোগ এবং বিভিন্ন স্নায়বিক ব্যাধি বুঝতে ও পরিচালনা করতে মাল্টিমডাল মস্তিষ্ক গবেষণা পরিচালনা করতে সক্ষম হবে।
- DBT-NBRC ভারতের একমাত্র প্রতিষ্ঠান যা স্নায়ুবিজ্ঞান গবেষণা এবং শিক্ষার জন্য নিবেদিত।

পর্যটনের প্রচারের জন্য জম্মু-কাশ্মীরে অনুষ্ঠিত প্রথম অহরবল উৎসব

জম্মু ও কাশ্মীরের কুলগাম জেলা প্রশাসন এবং পর্যটন বিভাগ জম্মু ও কাশ্মীরের বিশেষ করে আহরবাল জলপ্রপাতের পর্যটনের উন্নয়নের জন্য প্রথম **অহরবল উৎসবের আয়োজন** করেছে। অহরবল জলপ্রপাত, যা কাশ্মীরের কাশ্মীর উপত্যকার দক্ষিণ-পশ্চিমাঞ্চলের একটি পাহাড়ি স্থান।

আন্তর্জাতিক খবর

২০তম এসসিও কাউন্সিল অফ হেডস অফ গভর্নমেন্টে এস জয়শঙ্কর ভারতের প্রতিধিত্ব করলেন

'সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন' (SCO) 'কাউন্সিল অফ হেডস অফ গভর্নমেন্ট' (CHG) এর ২০তম সভায় বিদেশমন্ত্রী, **এস জয়শঙ্কর** ভারতীয় প্রতিনিধিদের নেতৃত্ব দেন। কাজাখস্তানের সভাপতিত্বে ভার্চুয়াল ফর্ম্যাটে নুর-সুলতানে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে SCO সদস্য দেশগুলোর

সরকারপ্রধান, পর্যবেক্ষক রাষ্ট্র এবং SCO 'রিজিওনাল অ্যান্টি-টেরোরিস্ট স্ট্রাকচার' (RAS), তুর্কমেনিস্তানের নির্বাহী পরিচালক এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিরাও বৈঠকে উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে। ভারত এই অঞ্চলে বিভিন্ন SCO কার্যকলাপ/সংলাপ প্রক্রিয়ার পাশাপাশি SCO কাঠামোর মধ্যে অন্যান্য বহুপাক্ষিক সহযোগিতায় সক্রিয়ভাবে জড়িত।

রাশিয়া, চীন, কিরগিজ প্রজাতন্ত্র, কাজাখস্তান, তাজিকিস্তান এবং উজবেকিস্তানের রাষ্ট্রপতিদের দ্বারা ২০০১ সালে সাংহাইতে একটি শীর্ষ সম্মেলনে SCO প্রতিষ্ঠিত হয়েছিল। বছরের পর বছর ধরে, এটি বৃহত্তম আঞ্চলিক আন্তর্জাতিক সংস্থাগুলির মধ্যে একটি হিসাবে আবির্ভূত হয়েছে। ভারত ও পাকিস্তান ২০১৭ সালে এর স্থায়ী সদস্য হয়।

২০২৫ সালের মধ্যে দক্ষিণ কোরিয়ায় বিশ্বের প্রথম ভাসমান শহর গড়ে উঠতে চলেছে

সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণে বন্যার সমস্যা মোকাবিলা করতে খুব তাড়াতাড়ি বিশ্বের প্রথম ভাসমান শহর গড়ে উঠতে চলেছে দক্ষিণ কোরিয়ায়। এই ভাসমান শহর প্রকল্পটি ইউএন হিউম্যান সেটেলমেন্ট প্রোগ্রাম (UN-Habit) এবং OCEANIX-এর যৌথ প্রচেষ্টা। শহরটি দক্ষিণ কোরিয়ার বুসানের উপকূলে নির্মিত হবে এবং সম্ভবত ২০২৫ সালের মধ্যে এটি সম্পূর্ণ হবে।

- ভাসমান শহরে বন্যার ঝুঁকি দূর করার জন্য 'বন্যা প্রতিরোধী পরিকাঠামো' থাকবে এবং বেশ কয়েকটি মানবসৃষ্ট দ্বীপ থাকবে। স্বয়ংসম্পূর্ণ এই শহরটি সুনামি, বন্যা এবং ক্যাটাগরি ৫ হারিকেনের মতো প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য বিশেষভাবে ডিজাইন করা হবে।

গোয়ায় ভারতের ৫২তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব সম্পন্ন হল

ভারতের আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ৫২তম সংস্করণ গোয়ায় শেষ হয়েছে। প্রথমবারের মতো, IFFI-এর পাশাপাশি BRICS চলচ্চিত্র উৎসবের আয়োজন করা হয়েছিল, OTT প্ল্যাটফর্ম অংশগ্রহণ করেছিল এবং IFFI-তে সিনেমার ৭৫ জন সৃজনশীল ব্যক্তিত্বকে সংবর্ধিত করা হয়েছিল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মনোজ বাজপেয়ী, রণধীর কাপুর, মাধুরী দীক্ষিত নেনের পাশাপাশি কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর এবং গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত

জিএসসিই পাবলিকেশনস থেকে সদ্য প্রকাশিত



₹ 400



₹ 100



₹ 230



₹ 100

₹ 40



₹ 35

₹ 5

জিএসসিই পাবলিকেশনস থেকে প্রকাশিত সমস্ত বই ও ম্যাগাজিনগুলি পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে যে কোনো জিএসসিই'র সেন্টার থেকে সংগ্রহ করুন।

অনলাইনে সংগ্রহ করতে এই ওয়েব লিঙ্ক অ্যাক্সেস করুন— www.ehubs.in
যোগাযোগ – 9874273000

IFFI গোয়া পুরস্কার বিজয়ীদের তালিকা :

- চলচ্চিত্রের শুটিংয়ের জন্য সবচেয়ে বন্ধুত্বপূর্ণ রাজ্য - উত্তরপ্রদেশ
- সেরা অভিনেতার জন্য সিলভার পিকক (পুরুষ), জিতেন্দ্র ভিকুলাল জোশী (গোদাবরী)
- সেরা অভিনেতার (মহিলা) - শার্লটের জন্য অ্যাঞ্জেলা মোলিনা (প্যারাগুয়ে)
- সেরা পরিচালক - 'Saving One Who Was Dead'-এর জন্য ভ্যাকলাভ কাদ্রনকা (চেক প্রজাতন্ত্র)
- সেরা চলচ্চিত্রের জন্য গোল্ডেন পিকক পুরস্কার - জাপানি চলচ্চিত্র Ring Wanderign' (মাসাকাজু কানিয়েকো)
- বিশেষ জুরি পুরস্কার - রেনাটা কারভালহো (ব্রাজিল)
- ভোরতীয় ফ্রিম পার্সোনালিটি অফ দ্য ইয়ার পুরস্কার - প্রসুন যোশী
- প্রথম ফিচার ফিল্ম - দ্য ওয়েলথ অফ দ্য ওয়ার্ল্ডের জন্য জুরি বিশেষ উল্লেখ্য
- একজন পরিচালকের সেরা অভিষেক ফিচার ফিল্ম - পরিচালক মারি অ্যালেসান্দ্রিনির জাহোরি।
- ICFT UNESCO গান্ধী পুরস্কার - 'Lingui : The sacred Bonds'.

WHO নতুন COVID-19 ভেরিয়েন্ট B.1.1.529 কে Omicron হিসাবে শ্রেণিবদ্ধ করেছে

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) নতুন COVID-19 ভেরিয়েন্ট B.11.529 কে Omicron হিসাবে শ্রেণিবদ্ধ করেছে। নতুন COVID-19 ভেরিয়েন্ট B.11.529 প্রথম ২৪ নভেম্বর ২০২১-এ দক্ষিণ আফ্রিকা থেকে WHO-তে রিপোর্ট করা হয়েছিল। WHO এর মতে, অন্যান্য ফর্মের তুলনায় এই স্ট্রেনটি আরও দ্রুত ছড়িয়ে পড়তে পারে। এটিতে প্রচুর পরিমাণে মিউটেশন রয়েছে।

- দক্ষিণ আফ্রিকা ছাড়াও ইস্রায়েল, বতসোয়ানা, বেজিয়াম, হংকং এবং মালাউই থেকে আগত একজন ব্যক্তির মধ্যে Omicron সনাক্ত করা হয়েছে।

কলিন্স ডিকশনারী 'NFT' কে ২০২১ সালের ওয়ার্ড অফ দ্য ইয়ার হিসাবে ঘোষণা করেছে

কলিন্স ডিকশনারী **'NFT'** শব্দটিকে ২০২১ সালের 'ওয়ার্ড অফ দ্য ইয়ার' হিসাবে ঘোষিত করেছে। NFT হল 'নন-ফাঞ্জিবল টোকেন' এর সংক্ষিপ্ত রূপ। কলিন্স ডিকশনারি অনুসারে, NFT কে 'একটি অনন্য ডিজিটাল সার্টিফিকেট হিসাবে সংজ্ঞায়িত করা হয়। এটি একটি শিল্পকর্ম বা সংগ্রহযোগ্যের মতো সম্পত্তির মালিকানা রেকর্ড করতে ব্যবহৃত হয়। কলিন্স ইংলিশ ডিকশনারি গ্লাসগোতে হার্পারকলিন্স দ্বারা প্রকাশিত হয়।

বিজ্ঞান ও প্রযুক্তি

স্কাইরুট এর 'Dhawan-1' পরীক্ষা করেছে

হায়দ্রাবাদে অবস্থিত একটি মহাকাশ প্রযুক্তি স্টার্টআপ 'স্কাইরুট অ্যারোস্পেস' ভারতের প্রথম ব্যক্তিগতভাবে উন্নত সম্পূর্ণ ক্রায়োজেনিক রকেট ইঞ্জিন **Dhanwan-1** এর সফলভাবে পরীক্ষা করেছে। এটি আসন্ন Vikram-2

'অরবিটাল লঞ্চ ভেহিক্যালে'র উপরের ধাপগুলিকে শক্তি প্রদান করবে। ভারতীয় রকেট বিজ্ঞানী **সতীশ ধাওয়ানের নামে** রকেট ইঞ্জিন Dhawan-1 এর নামকরণ করা হয়েছে।

সপ্তম ভারত আন্তর্জাতিক বিজ্ঞান উৎসব গোয়ার পানাজিতে অনুষ্ঠিত হবে

Creativity In Science
INDIA INTERNATIONAL SCIENCE FESTIVAL 2021
Celebrating

চারদিনব্যাপী **'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সায়েন্স ফেস্টিভ্যাল' (IISF) এর সপ্তম সংস্করণ** গোয়ার পানাজিতে ২০২১ সালের ১০ থেকে ১৩ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে। ২০২১ সালের উৎসবের থিম হল– 'Celebrating Creativity in Science, Technology and Innovation for Prosperous India'। ২০১৫ সালে নয়াদিল্লিতে প্রথম IISF অনুষ্ঠিত হয়েছিল। গোয়া-ভিত্তিক 'ন্যাশনাল সেন্টার ফর পোলার অ্যান্ড ওশান রিসার্চ' (NCPOR) আর্থ সায়েন্স মন্ত্রকের অধীনে IISF 2021 আয়োজনের নোডাল এজেন্সি। উৎসবটি পারমাণবিক শক্তি (DAE), বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগগুলি, DST, বায়োটেকনোলজি (DBT), স্পেস (DoS) এবং 'কাউন্সিল ফর সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ' (CSIR) এর সাথে যৌথভাবে আয়োজিত হবে।

পুরস্কার ও সম্মান

ষষ্ঠ ব্রিকস ফিল্ম ফেস্টিফ্যাল অ্যাওয়ার্ড ২০২১ ঘোষিত

গোয়ায় ভারতের ৫২তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ব্রিকস চলচ্চিত্র উৎসব পুরস্কারর ৬ষ্ঠ সংস্করণের ঘোষণা করা হয়েছে। প্রথমবারের জন্য, ২০ নভেম্বর থেকে ২৮ নভেম্বর, ২০২১ পর্যন্ত IFFI-এর পাশাপাশি **BRICS চলচ্চিত্র উৎসব** অনুষ্ঠিত হয়েছিল। এই প্রতিযোগিতামূলক উৎসবের জুরিতে প্রতিটি

BRICS দেশ থেকে একজন করে, ৫ জন সদস্য ছিল। জুরি২০টি চলচ্চিত্র পরীক্ষা করে পাঁচটি বিভাগে পুরস্কার নির্বাচন করে।

পুরস্কারপ্রাপকরা হলেন–

- পরিচালক অ্যামি জেফতার দক্ষিণ আফ্রিকান চলচ্চিত্র 'Barakat' এবং পরিচালক লিউবভ বোরিসোভা দ্বারা পরিচালিত রাশিয়ান চলচ্চিত্র 'The Sun above Me Never Sets' BRICS ষষ্ঠ সংস্করণ চলচ্চিত্র উৎসবে সেরা চলচ্চিত্রের পুরস্কার ভাগ করে নিয়েছে।
- ব্রাজিলিয়ান চলচ্চিত্র নির্মাতা লুসিয়া মুরাত তার তথ্যচিত্র Ana'-এর জন্য সেরা পরিচালকের পুরস্কার পান।
- ভারতীয় অভিনেতা ধানুশ 'Asuran'-এ তার ভূমিকার জন্য সেরা অভিনেতা (পুরুষ) পুরস্কার জিতেছেন।
- ব্রাজিলিয়ান অভিনেতা Lara Boldorini 'On Wheels'-এ তার ভূমিকার জন্য শ্রেষ্ঠ অভিনেতার (মহিলা) সম্মান পেয়েছিলেন।
- পরিচালক Yan Han কে তার চলচ্চিত্র 'A Little Red Flower from China'-র জন্য বিশেষ জুরি পুরস্কার প্রদান করা হয়।

NDTV, দ্য উইক টিমের জন্য আন্তর্জাতিক প্রেস ইনস্টিটিউট সম্মান পেয়েছে

'ইন্টারন্যাশনাল প্রেস ইনস্টিটিউট' (IPI), 'ইন্ডিয়া অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইন জার্নালিজম ২০২১' যৌথভাবে **NDTV**-র **শ্রীনিবাসন জৈন** ও **মারিয়ম আলাভি** এবং **'দ উইক'**-এর **লক্ষ্মী সুব্রহ্মানিয়ান** ও **ভানু প্রকাশ চন্দ্রকে**



দেওয়া হয়েছে। অন্যদিকে, 'দ্য ইন্ডিয়ান এক্সপ্রেসে'র **ঋতিকা চোপড়াকে** সাংবাদিকতায় শ্রেষ্ঠত্বের জন্য 'IPI ইন্ডিয়া পুরস্কার ২০২০' দেওয়া হয়েছে। ২০২০ এবং ২০২১ এর পুরস্কারপ্রাপকদের ২০২১ সালের ডিসেম্বর বা ২০২২ সালের জানুয়ারি মাসে নতুন দিল্লিতে সংবর্ধিত করা হবে। নগদ ১ লাখ টাকা, একটি ট্রফি এবং একটি সার্টিফিকেট পুরস্কার হিসাবে দেওয়া হয়।

জাতীয় নিয়োগ

রজনীশ কুমার : টু-হুইলার কোম্পানি Hero MotoCorp 'স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' (SBI) এর প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমারকে কোম্পানির পর্ষদে একজন স্বাধীন নন-এক্সিকিউটিভ ডিরেক্টর হিসেবে নিয়োগের কথা ঘোষণা করেছে। রজনীশ কুমার ২০২০ সালের অক্টোবরে SBI-এর চেয়ারম্যান হিসাবে তার তিন বছরের মেয়াদ পূর্ণ করেন। তিনি বর্তমানে HSBC, Asia Pacific, L&T Infotech সহ অন্যান্য অনেক কোম্পানির বোর্ডে একজন স্বাধীন পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

রজনীশ কুমার

হর্ষবন্তী বিস্ট : উত্তরাখণ্ডের বিখ্যাত পর্বতারোহী, হর্ষবন্তী বিস্ট 'ইন্ডিয়ান মাউন্টেনিয়ারিং ফাউন্ডেশন' (IMF)-এর প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হওয়ার গৌরব অর্জন করেছেন। ৬২ বছর বয়সী হর্ষবন্তী ১০৭টি ভোটের মধ্যে মোট ৬০টি ভোট পেয়ে কাঙ্ক্ষিত পদে নির্বাচিত হন। ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত হওয়া IMF এর প্রেসিডেন্ট হিসেবে প্রথমবারের মতো একজন নারী নির্বাচিত হয়েছেন।

বিবেক জোহরি : সিনিয়র আমলা বিবেক জোহরি সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস (CBIC) এর নতুন চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এম অজিত কুমারের স্থানে এই পদে নিযুক্ত হবেন। তিনি একজন ১৯৮৫ ব্যাচের ভারতীয় রাজস্ব পরিষেবা (শুল্ক ও পরোক্ষ কর) এর কর্মকর্তা। বর্তমানে তিনি CBIC-র সদস্য হিসেবে কর্মরত আছেন। তার নিয়োগ মন্ত্রিসভার নিয়োগ কমিটি অনুমোদন করেছে।

সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস (CBIC) : CBIC হল ভারতে GST, কাস্টমস, সেন্ট্রাল এক্সাইজ, সার্ভিস ট্যাক্স এবং নারকোটিক্স পরিচালনা করার জন্য নোডাল জাতীয় সংস্থা। কাস্টমস ও কেন্দ্রীয় আবগারি বিভাগ ১৯৫৫ সালে ভারতের ব্রিটিশ গভর্নর-জেনারেল দ্বারা কাস্টমস আইন পরিচালনা এবং আমদানি শুল্ক বা ভূমি রাজস্ব সংগ্রহের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। CBIC ভারতের প্রাচীনতম সরকারি দপ্তরগুলির মধ্যে একটি।

আন্তর্জাতিক নিয়োগ

পেত্র ফিয়ালা : পেত্র ফিয়ালা চেক প্রজাতন্ত্রের নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। ৫৭ বছর বয়সী ফিয়ালাতিন-দলীয় জোট টুগেদারের (সিভিক ডেমোক্র্যাটিক পার্টি, ক্রিশিয়ান ডেমোক্র্যাটস) প্রধান, যা অক্টোবরের গুরুতে ২৭.৮% ভোট পেয়েছিল। ফিয়ালা আন্দ্রেজ বাবিসের স্থানে এই পদে নিযুক্ত হন। এই জোটটি বিলিয়নেয়ার বাবিসের নেতৃত্বে ANO আন্দোলনকে অল্পের জন্য পরাজিত করে।

পেত্র ফিয়ালা

কুয়েতের নতুন প্রধানমন্ত্রী হলেন শেখ সাবাহ আল খালেদ আল সাবাহ : শেখ সাবাহ আল খালেদ আল হামাদ আল সাবাহ কুয়েতের নতুন প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হয়েছেন। শেখ সাবাহ ১৯৯৫ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত সৌদি আরবে কুয়েতের রাষ্ট্রদূত এবং অর্গানাইজেশন অফ ইসলামিক কো-অপারেশন (OIC)-এর দূত হিসেবেও দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি সৌদি আরব কর্তৃক ১৯৯৮ সালে প্রথম শ্রেণির রাজা আবদুল আজিজের আদেশে ভূষিত হয়েছেন।


শেখ সাবাহ আল খালেদ আল সাবাহ

কুয়েতের ক্রাউন প্রিন্স শেখ মিশাল আল-আহমাদ আল-জাবের আল-সাবাহ আমিরের পক্ষে একটি আদেশ জারি করেছেন, শেখ সাবাহ খালেদ আল-হামাদ আল-সাবাহকে একটি নতুন সরকার গঠনের জন্য নিয়োগ এবং অনুমোদনের জন্য নামের তালিকা সরবরাহ করেছেন।

প্রবীণ সিনহা : 'সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশনে'র (CBI) বিশেষ পরিচালক প্রবীণ সিনহা একটি কঠিন প্রতিদ্বন্দ্বিতার পরে 'আন্তর্জাতিক অপরাধ পুলিশ সংস্থা'র (ইন্টারপোল) কার্যনির্বাহী কমিটিতে এশিয়ার প্রতিনিধি হিসাবে নির্বাচিত হয়েছে। নির্বাচনে চারটি প্রতিদ্বন্দ্বী চিন, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া ও জর্ডন। ভারতের ন্যাশনাল সেন্ট্রার ব্যুরো (এনসিবি-ইন্ডিয়া) এই নির্বাচনের প্রচারণার জন্য বিশ্বজুড়ে তার প্রতিপক্ষের সাথে যোগাযোগ করেছে। তুরস্কের ইস্তাম্বুলে চলমান ৮৯ ইন্টারপোলের সাধারণ পরিষদের সময় নির্বাচনটি অনুষ্ঠিত হয়।

প্রবীণ সিনহা

☞ **আহমেদ নাসের আল-রাইসি :** 'আন্তর্জাতিক অপরাধ পুলিশ সংস্থা' (INTERPOL) তুরস্কের ইস্তাম্বুলে অনুষ্ঠিত ৮৯তম ইন্টারপোল সাধারণ পরিষদের সভায় ইন্সপেক্টর জেনারেল আহমেদ* নাসের আল-রাইসিকে (সংযুক্ত আরব আমিরশাহী) ৪ বছরের মেয়াদের জন্য প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত করেছে। তিনি দক্ষিণ কোরিয়ার কিম জং ইয়ানের স্থানে নিযুক্ত হয়েছেন। চূড়ান্ত রাউন্ডে সংযুক্ত আরব আমিরশাহীর প্রার্থী সদস্য দেশগুলির দ্বারা প্রদত্ত ভোটের ৬৮.৯ শতাংশ ভোট পেয়েছেন। প্রেসিডেন্ট হিসাবে আল রাইসির ভূমিকা হল চার বছরের মেয়াদের জন্য কার্যনির্বাহী কমিটির বৈঠকের সভাপতিত্ব করা।

☞ **পরাগ আগরওয়াল :** সোশ্যাল মিডিয়া জায়ান্টের সহ-প্রতিষ্ঠাতা জ্যাক ডরসি পদত্যাগ করার পরে ভারতীয় বংশোদ্ভূত প্রযুক্তি নির্বাহী পরাগ আগরওয়ালকে টুইটারের নতুন CEO হিসাবে নিযুক্ত করা হয়েছে। তিনি বর্তমানে S&P 500 এলবোয়িং মেটা প্ল্যাটফর্ম ইনকর্পোরেটেডের সর্বকনিষ্ঠ CEO। আগরওয়ালের বর্তমান বয়স ৩৭ বছর এবং তার বয়স মার্ক জুকারবার্গের বয়সের সমান। পরাগ আগরওয়াল ১০ বছর আগে টুইটারে যোগ দিয়েছিলেন যখন সেখানে ১,০০০ জনেরও কম কর্মী ছিলেন। পরাগ আগরওয়াল মর্যাদাপূর্ণ ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (IIT) বোম্বে থেকে স্নাতক করেছেন। এর পরে, তিনি স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর করতে যান। তিনি ২০১২ সালে একই স্থান থেকে কম্পিউটার সায়েন্সে পিএইচডি সম্পন্ন করেন।

☞ **ম্যাগডালেনা অ্যান্ডারসন :** সুইডেনের প্রাক্তন অর্থমন্ত্রী 'সেশ্যাল ডেমোক্রেটিক পার্টি' (SDP) থেকে ইভা ম্যাগডালেনা অ্যান্ডারসন তার দ্বিতীয় নির্বাচনে জিতেছেন এবং সুইডেনের প্রথম মহিলা প্রধানমন্ত্রী (প্রধানমন্ত্রী) হয়েছেন। ২৪ নভেম্বর ২০২১-এ তিনি প্রথমে প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হন কিন্তু পরে তার জোটের অংশীদার (সবুজ পার্টি) সরকার ছেড়ে দেওয়ার পরে এবং বাজেট পাস করতে ব্যর্থ হওয়ার পরে পদত্যাগ করেন। সুইডেনের সংসদ রিক্সড্যাগ নামে পরিচিত। সুইডেন সর্বশেষ নর্ডিক দেশ যারা একজন মহিলা প্রধানমন্ত্রী পেয়েছে।

- ম্যাগডালেনা অ্যান্ডারসন ২৩ জানুয়ারি ১৯৬৭ সালে জন্মগ্রহণ করেছিলেন। তিনি একজন ৫৪ বছর বয়সী সুইডিশ রাজনীতিবিদ এবং অর্থনীতিবিদ যিনি সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি বা এসডিপি থেকে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন।
- তিনি ১৯৯৬ সালে তৎকালীন প্রধানমন্ত্রী গোরান পার্সনের রাজনৈতিক উপদেষ্টা এবং তারপর পরিকল্পনা পরিচালক হিসাবে তার রাজনৈতিক জীবন শুরু করেন।
- ২০০৪ সালে তিনি রাজ্য সচিব হিসাবে অর্থ মন্ত্রণালয়ে কাজ শুরু করেন।
- তিনি ৪ নভেম্বর ২০২১-এ SDP-এর প্রধান হন। তিনি SDP-এর দ্বিতীয় মহিলা নেতা।

অর্থনীতি, ব্যাঙ্কিং ও ব্যাবসা-বাণিজ্য

❑ **ভারত সরকার নভেম্বর মাসে জিএসটি হিসাবে ১.৩১ লক্ষ কোটি টাকা সংগ্রহ করেছে :** ২০২১ সালের নভেম্বর মাসে সংগৃহীত মোট জিএসটি রাজস্ব হল ১,৩১,৫২৬ কোটি টাকা। জিএসটি ছিল ২৩,৯৭৮ কোটি টাকা, এসজিএসটি ৩১,১২৭ কোটি টাকা। জিএসটি ছিল ৬৬,৮১৫ কোটি টাকা (এর মধ্যে ৩২,১৬৫ কোটি টাকা আমদানি করা পণ্য থেকে সংগ্রহ করা হয়েছিল)। সংগৃহীত সেস ছিল ৯,৬০৬ কোটি টাকা (এর মধ্যে আমদানিকৃত পণ্য থেকে ৬৫৩ কোটি টাকা অন্তর্ভুক্ত)। নভেম্বর মাসে সংগৃহীত জিএসটি রাজস্ব নভেম্বর ২০২০-এর জিএসটি রাজস্বের থেকে ২৫% বেশি এবং নভেম্বর ২০১৯-এ নভেম্বর মাসে সংগৃহীত জিএসটি রাজস্বের থেকে ২৭% বেশি।

ভারত সরকারের আগের মাসের জিএসটি সংগ্রহ ছিল :

- অক্টোবর ২০২১ : ১.৩০ লক্ষ কোটি টাকা
- সেপ্টেম্বর ২০২১ : ১,১৭,০১০ কোটি টাকা
- আগস্ট ২০২১ : ১.১২ লক্ষ কোটি টাকা
- জুলাই ২০২১ : ১,১৬,৩৯৩ কোটি টাকা
- জুন ২০২১ : ৯২,৮৪৯ কোটি টাকা
- মে ২০২১ : ১,০২,৭০৯ কোটি টাকা
- এপ্রিল ২০২১ : ১.৪১ লক্ষ কোটি টাকা (সর্বকালের সর্বোচ্চ)।

প্রয়াণ

❀ **কবি সনন্ত তান্তি :** সাহিত্য অকাদেমি পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট অসমীয়া কবি সনন্ত তান্তি প্রয়াত হয়েছেন। তার কিছু বিশিষ্ট কাজের মধ্যে Ujjwal Nakshatrar Sondhanot, Moi Manuhar Amal Utsav, Nizor Biruddhey Sesh prastab এবং Moi। তিনি ২০১৮ সালে 'Kailoir Dinto Amar Hobo' কবিতার সংগ্রহের জন্য। সাহিত্য আকাদেমি পুরস্কার (অসমিয়া) জিতেছিলেন।

Kantar's Brandz ইন্ডিয়া রিপোর্ট ২০২১

Kantar's Brandz ইন্ডিয়া ২০২১ রিপোর্ট অনুসারে, আমাজন, টাটা টি এবং এশিয়ান পেইন্টস যথাক্রমে প্রযুক্তি, FMCG এবং নন-FMCG বিভাগ জুড়ে ভারতের সবচেয়ে উদ্দেশ্যমূলক ব্র্যান্ড হিসাবে আবির্ভূত হয়েছে। প্রযুক্তি র‍্যাঙ্কিংয়ে অ্যামাজন এই সূচকে এগিয়ে রয়েছে। তারপরে জোমাটো, ইউটিউব, গুগল এবং সুইগি যৌথভাবে চতুর্থ স্থানে রয়েছে।

ভারতের শীর্ষ ৫টি সর্বাধিক উদ্দেশ্যমূলক ব্র্যান্ড

Rank	সর্বাধিক উদ্দেশ্যমূলক প্রযুক্তি ব্র্যান্ডসমূহ	সর্বাধিক উদ্দেশ্যমূলক FMCG ব্র্যান্ডসমূহ	সর্বাধিক উদ্দেশ্যমূলক অ-FMCG ব্র্যান্ডসমূহ
1	আমাজন	টাটা টি	এশিয়ান পেন্টস
2	Zomato	সার্ফ এক্সেল ডিটারজেন্ট ব্র্যান্ড)	Samsung & JIO
3	You Tube	তাজমহল (চা ব্র্যান্ড)	MRF
4	গুগল এবং সুইগি	প্যারাসুট এবং ম্যাগি	টাটা হাউজিং
5	Flipkart	Britannia	Airtel

মিলিটারি অ্যাকাডেমিতে ১৮৮

২ পাতার পর

পাশের সঙ্গে ফ্যাটিগম্যান হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *৯) সাফাইওয়ালা* শাখায় শূন্যপদ ২৬টি (অসংরক্ষিত ১৩, এসসি ১, এসটি ১, ওবিসি ৯ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। মাধ্যমিক পাশ থাকলেই আবেদন করা যাবে। *১০) গ্রাউন্ডসম্যান* শাখায় শূন্যপদ ৪৬টি (অসংরক্ষিত ২৩, এসসি ৭, এসটি ৪, ওবিসি ৮ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে গ্রাউন্ডসম্যান হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *১১) জিসি অর্ডারলি* শাখায় শূন্যপদ ৩৩টি (অসংরক্ষিত ১৭, এসসি ৫, এসটি ৬, ওবিসি ৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। মাধ্যমিক পাশ থাকলেই আবেদন করা যাবে। *১২) চৌকিদার* শাখায় শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ১, এসসি ১ এবং ওবিসি ২)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *১৩) গ্রুম* শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৪, ওবিসি ২ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে গ্রুম হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। *১৪) বার্বার* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১, ওবিসি ১)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *১৫) ইকুইপমেন্ট রিপেয়ারার* শাখায় শূন্যপদ ১টি (ওবিসি)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজ জানতে হবে। *১৬) বাইসাইকেল রিপেয়ারার* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২, এসসি ১)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *১৭) ম্যাসেঞ্জার* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১, এসটি ১)। আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *১৮) ল্যাবরেটরি অ্যাটেন্ডেন্ট* শাখায় শূন্যপদ ১টি (এসটি)। মাধ্যমিক পাশ থাকলেই আবেদন করা যাবে।

উপরিউক্ত শাখাগুলির মধ্যে ড্রাইভার, কুক স্পেশাল, কুক আইটি, রিপেয়ারার, মাশালসি, ওয়াল্টার, গ্রুম, জিসি অর্ডারলি, ইকুইপমেন্ট রিপেয়ারার, বার্বার, বাইসাইকেল রিপেয়ারার এবং চৌকিদার পদে মহিলারা আবেদন করতে পারবেন না।

